দ্য সাইকোলজি অফ মানি

THE INTERNATIONAL BESTSELLER

TIMELESS LESSONS ON WEALTH, GREED, AND HAPPINESS

মর্গান হাউসেল

"Everyone should own a copy."
—JAMES CLEAR
New York Times Bestselling Author of *Atomic Habits*

দ্য সাইকোলজি অফ মানি

মরগ্যান হাউসেল

অনুবাদক - রাজশ্রী ব্যানার্জী

Audifeel Edition

সূচিপত্র

ভূমিকা

দ্য গ্রেটেস্ট শো অন আর্থ

আমি আমার কলেজ জীবনে অর্থ উপার্জনের জন্য লস অ্যাঞ্জেলস শহরের একটি সুন্দর হোটেলে ভ্যালেট (ওয়েটার) হিসেবে পার্ট টাইম চাকরি করি।

একজন প্রযুক্তি নির্বাহী প্রকৌশলী অফিসার প্রায় সময় আমাদের হোটেলে আসতেন। তিনি একজন প্রতিভাবান ব্যক্তি ছিলেন। তিনি ২০-এর দশকের আমেরিকান Wi-Fi রাউটারগুলোর মূল উপাদান ডিজাইনার এবং পেটেন্ট অধিকারী ছিলেন। তিনি বেশ কয়েকটি কোম্পানি গঠন করেন এবং পরবর্তীতে বিক্রি করে দেন। তিনি অত্যন্ত সফল প্রকৌশলী ছিলেন।

তবে, তিনি অর্থ ব্যয়সংক্রান্ত বিষয়ে উদাসীন ছিলেন। তার এমন আচরণকে আমি শিশুসুলভ বোকামির মিশ্রণ হিসেবে বর্ণনা করবো। তিনি প্রায় সময় ডিনারে এক হাজার ডলার খরচ করতেন।

তিনি তার বন্ধুদের নিকট সম্পদ জাহির করতেন। তিনি প্রকাশ্যে এবং উচ্চৈঃস্বরে তার সম্পদ নিয়ে বড়াই করতেন। প্রায় সময়ই মাতাল অবস্থায় হোটেল থেকে বের হতেন।

একদিন তিনি আমার এক সহকর্মীর হাতে নগদ কয়েক হাজার ডলার দিয়ে বললেন—'রাস্তার পাশে গহনার দোকানে যাও এবং আমার জন্য কয়েক ডলার মূল্যের ১,০০০টি সোনার কয়েন কিনে আনো।' এক ঘণ্টা পর, হাতে সোনার কয়েন নিয়ে প্রকৌশলী এবং তার বন্ধুরা প্রশান্ত মহাসাগরের তীরে প্রমোদতরীতে জড়ো হয়।

তারপর, তারা কয়েনগুলোকে একটি একটি করে পাথরের মতো সমুদ্রে নিক্ষেপ করে আনন্দ অনুভব করতে লাগলো।

এটা শুধুই মজা-মাস্তি আর উপভোগ করার জন্য। কয়েকদিন পর সে হোটেলের রেস্তোরায় একটি বাতি ভেঙে দেয় উনি। একজন ম্যানেজার তাকে বললেন যে, বাতিটির মূল্য ৫০০ dollar এবং তাকে এর মূল্য পরিশোধ করতে হবে।

'আপনি পাঁচশো ডলার চান?' প্রকৌশলী তার পকেট থেকে নগদ একটি ইট বের করে ম্যানেজারকে দেওয়ার সময় অবিশ্বাস্যভাবে মন্তব্য করলেন। এই নেন পাঁচ হাজার ডলার। এবার আমার মুখের সামনে থেকে চলে যাও। আর কখনো আমাকে এভাবে অপমান করো না। আপনি ভাবতে পারেন যে, তার এই আচরণটি কতোক্ষণ স্থায়ী হতে পারে এবং কতোটা ঔদ্ধত্যপূর্ণ হতে পারে!

আমি কয়েক বছর পর জানতে পারি যে, তিনি অর্থ সংকটে রয়েছেন এবং মানসিকভাবে ভেঙে পড়েছেন।

এই বইয়ের মূল লক্ষ্য হলো, অর্থ সঠিকভাবে ব্যবহার করার ক্ষেত্রে আপনি কতোটা স্মার্ট, তা নির্ধারণ করা। আপনার আচার-আচরণের সাথে অনেক কিছুর সম্পর্ক রয়েছে। আচরণ শেখানো অনেক কঠিন, এমনকি সত্যিকার অর্থেই স্মার্ট, মানুষ বানানো আরো অনেক কঠিন। প্রতিভাবান ব্যক্তি তারাই, যারা তাদের আবেগের নিয়ন্ত্রণ হারায় না। আর্থিক বিপর্যয় মোকাবিলা করতে পারে। বিপরীতটাও সত্য।

আর্থিক শিক্ষা নেই, এমন সাধারণ মানুষেরাও ধনী হতে পারে, যদি তাদের হাতে মুষ্টিমেয় আচরণগত দক্ষতা থাকে, যার বুদ্ধিমত্তার আনুষ্ঠানিক পরিমাপের সাথে কোনো সম্পর্ক নেই।

আমার প্রিয় মিডিয়া ব্যক্তিত্ব 'রোনাল্ড জে অ্যামস রিড'। যিনি ক্যারিয়ারের শুরুতে একটি গ্যাস স্টেশনের পরিচালক, দারোয়ান ছিলেন এবং পরবর্তীতে একজন সফল আমেরিকান সমাজসেবী, ব্যবসায়িক বিনিয়োগকারী হন।

রোনাল্ড রিড আমেরিকার ভার্মন্টে জন্মগ্রহণ করেন। তিনিই তার পরিবারের প্রথম ব্যক্তি, যিনি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি লাভ করেন। তিনি প্রতিদিন ক্যাম্পাসে যাতায়াতের বিষয়টিকে উপভোগ করতেন।

যারা রোনাল্ড রিডকে চিনেন, তাদের জন্য উল্লেখ করার মতো আর কিছু নেই। ক্যারিয়ারের শুরুতে তার স্বপ্ন খুব বেশি বড় ছিল না। সে একটি গ্যাস স্টেশনে ২৫ বছর বয়স থেকে ফিক্সড স্যালারিতে চাকরি করে এবং R C Penney-নামক কোম্পানিতে ৭ বছর ম্যানেজার হিসেবে চাকরি করে।

সে ৩৮ বছর বয়সে ১২,০০০ ডলার মূল্যের একটি দুই বেডরুমের ফ্ল্যাট ক্রয় করে এবং সারা জীবন সেখানেই থাকার পরিকল্পনা করে। সে ৫০ বছর বয়সে বিধবা হয় এবং আর কখনো বিয়ে করেনি। তার একজন বন্ধু স্মরণ করলেন যে, তার প্রধান শখ ছিল কাঠ কাটা।

রিড ২০১৪ সালে ৯২ বছর বয়সে মারা যান।

২০১৪ সাল পর্যন্ত আমেরিকাতে সরকারি হিসাব মোতাবেক ২,৮১৩,৫০৩ জন নাগরিক মৃত্যুবরণ করেন। তাদের মধ্যে মাত্র ৪,০০০ জনেরও কম নাগরিকদের ৮ মিলিয়ন ডলারেরও বেশি সম্পদ ছিল যখন তারা মারা গিয়েছিল।

রোনাল্ড রিড ছিলেন তাদের মধ্যে একজন। তার উইলে সে তার বাচ্চাদের জন্য ২ মিলিয়ন এবং তার স্থানীয় হাসপাতাল ও লাইব্রেরির জন্য ৬ মিলিয়নেরও বেশি সম্পদ রেখে যান। যারা পড়তে জানতো, তারা তার উইলটি পাঠ করে বিস্মিত হয়। এতো টাকা তিনি কোথায়। পেলেন? দেখা গেল সেখানে কোনো গোপন রহস্য নেই।

কোনো লটারি জেতা কিংবা কোনো বিপুল সম্পত্তি উত্তরাধিকার হিসেবে পাওয়ার সম্ভাবনাও ছিল না।

তিনি যা করেছেন, তা হলো, তিনি সম্পদ সঞ্চয় করেছেন এবং Blue chips stock তে বিনিয়োগ করেছেন।

তারপর, তিনি কয়েক দশক ধরে অবকাশে চলে যান, কারণ তার। ক্ষুদ্র সঞ্চয়গুলোর মূল্য ইতোমধ্যেই ৮ মিলিয়নেরও বেশি হয়ে গেছে। এটাই তার দারোয়ান থেকে পরোপকারী ও সফল ব্যবসায়ী হওয়ার গল্প । রোনাল্ড রিড মারা যাওয়ার কয়েকমাস আগে রিচার্ড নামক আরেকজন সফল ব্যবসায়ী খবরের কাগজে শিরোনাম হন। রিচার্ড ফুসকোন-এর সবকিছুই ছিল, যদিও রোনাল্ড রিডের ক্যারিয়ারের শুরুতে কিছুই ছিল না ।

রিচার্ড ফুসকোন হার্ভার্ড বিশ্ববিদ্যালয় থেকে এমবিএ করেন এবং মেরিল লিঞ্চ নামক একটি কোম্পানির এক্সিকিউটিভ অফিসার ছিলেন। মেরিলের প্রাক্তন সিইও ডেভিড কোমানস্কি ফুসকোনের ব্যবসায়িক সচেতনতা, নেতৃত্বের দক্ষতা, সঠিক বিচার-বিশ্লেষণ এবং ব্যক্তিগত সততার প্রশংসা করেন।'

২০০০ সালের মাঝামাঝি সময়ে ফুসকোন গ্রিনউইচের কানেকটিকাট শহরে একটি ১৮,০০০ বর্গফুট আয়তনের বাড়ি নির্মাণের জন্য ব্যাংক থেকে প্রচুর পরিমাণে ঋণ গ্রহণ করেন। বাড়িটিতে ১১টি বাথরুম, দুটি লিফট, দুটি পুল, সাতটি গ্যারেজ ছিল এবং এর । রক্ষণাবেক্ষণের জন্য প্রতি মাসে ৯০,০০০ ডলারেরও বেশি খরচ হতো। তারপর ২০০৮ সালের আর্থিক সংকট আঘাত হানে। সঙ্কট কার্যত প্রত্যেকেরই আর্থিক ক্ষতি করেছে। এটি দৃশ্যত ফুসকোনের ক্যারিয়ারকে ধুলোয় পরিণত করেছে।

উচ্চঋণ এবং অতিরিক্ত বিলাসিতা তাকে দেউলিয়া করে দেয়। তিনি ২০০৮ সালে একজন দেউলিয়া ঘোষণাকারী বিচারককে বললেন'আমার বর্তমানে কোনো আয় নেই। প্রথমে তার পাম বিচের বাড়িটি জব্দ করে দেওয়া হয় এবং তারপর ঋণের দায়ে একে একে তার সব বাড়ি নিলামে বিক্রি করে দেওয়া হয়।

২০১৪ সালে গ্রিনিচ ম্যানশন ফুসকোনের বাড়িটির স্মৃতিচারণ করে উল্লেখ করেন—"তার বাড়িতে অতিথিরা বাড়ির অন্দর মহলের সুইমিং পুলে সাঁতার কাটতো'— বাড়িটি একটি ফোরক্লোজার নিলামে ৭৫% কম দামে বিক্রি করা হয়। একটি বিমা কোম্পানি সেই বাড়িটি ক্রয় করে। রোনাল্ড রিড অত্যন্ত ধৈর্যশীল ছিলেন; যেখানে রিচার্ড ফুসকোন। লোভী ছিলেন। উভয়ের মধ্যেই শিক্ষা এবং অভিজ্ঞতার দিক থেকে বিশাল ব্যবধান ছিল।

এখানে শিক্ষণীয় বিষয়টি কেবলমাত্র রোনাল্ড রিডের মতো বেশি অর্থ অপচয় করা, কিংবা রিচার্ডের মতো কম অর্থ খরচ করার মধ্যেই সীমাবদ্ধ নয়—যদিও বিষয়টি কম গুরুত্বপূর্ণ নয়।

এই গল্পগুলোর চিত্তাকর্ষক বিষয় হলো, এমন ব্যক্তিরা অর্থ উপার্জনে কতোটা অনন্য? এদের বিষয়ভিত্তিক কলেজের কোনো ডিগ্রি নেই, প্রশিক্ষণ নেই, ব্যাকগ্রাউন্ড নেই, আনুষ্ঠানিক অভিজ্ঞতা নেই এবং হাই লেভেলের কানেকশন নেই; অথচ এমন ব্যক্তিরা সফলতার দিক থেকে সর্বোত্তম শিক্ষা, সর্বোত্তম প্রশিক্ষণ এবং সর্বোত্তম কানেকশন রয়েছে, এমন ব্যক্তিদেরকেও ব্যাপকভাবে ছাড়িয়ে যায়। আমি বিষয়টির সঠিক কারণ উঘাটন করতে পারি না। কারণ, হার্ভার্ড প্রশিক্ষিত একজন সার্জন ডাক্তারের চেয়ে রোনাল্ড রিডের হার্ট ট্রান্সপ্ল্যান্ট ভালোভাবে সম্পাদন করার গল্প চিন্তা করা প্রায় অসম্ভব।

অথবা একটি আকাশচুম্বি ভবনের নকশা তৈরি করার ক্ষেত্রে, প্রশিক্ষিত স্থপতিদের তুলনায়, তার নকশা ভালো হওয়ার সম্ভাবনার গল্প আমার কাছে প্রায় অমূলক বলে মনে হয়।

পারমাণবিক প্রযুক্তি বিষয়ে বিশ্বের শীর্ষস্থানীয় পারমাণবিক প্রকৌশলীদের তুলনায় একজন দারোয়ানের অধিক জ্ঞান থাকার গল্প কখনো বাস্তব হবে না। কিন্তু ব্যবসায়িক বিনিয়োগের ক্ষেত্রে এই গল্পের বাস্তবিক রূপদান ঘটবে।

রিচার্ড ফুসকোনের সাথে রোনাল্ড রিডের তুলনামূলক পর্যালোচনায় দুটি সত্য বাক্য খুঁজে পাওয়া যায়।

এক, আর্থিক সফলতা ভাগ্য দ্বারা নির্ধারিত হয় না, বরং মানুষের বুদ্ধিমত্তা এবং প্রচেষ্টার মাধ্যমে নির্ধারিত হয়। এটি কিছু দৃষ্টিকোণ থেকে সত্য। এই বিষয়ে বইটিতে আরো বিশদ আলোচনা করা হবে।

দুই. আমি এবং আমেরিকান সাধারণ জনগণ মনে করেন যে, আর্থিক সফলতা একটি কঠিন বিজ্ঞান পাঠের বিষয় (অর্থনীতি)। কিন্তু বাস্তবে এটি মূলত দক্ষতা, যেখানে আপনি কী জানেন, তার চেয়ে আপনি কীভাবে আচরণ করেন, তা বেশি গুরুত্বপূর্ণ।

আমি এই সফট স্কিলকে সাইকোলজি অফ মানি' বলি।

এই বইটির মূল উদ্দেশ্য হলো, ছোটগল্প এবং অভিজ্ঞতা ব্যবহার করে আপনাকে বোঝানোর চেষ্টা করা যে, অর্থের প্রযুক্তিগত দিকের তুলনায় সফট সাইকোলজিক্যাল স্কিল বেশি গুরুত্বপূর্ণ।

আমি বিষয়টিকে এমনভাবে বর্ণনা করবো, যা আপনার জন্য আর্থিক সফলতা লাভে সহায়ক হতে পারে-রিড এবং ফুসকোনের ক্ষেত্রে সফলতা এবং ব্যর্থতার মূল কারণ ছিল, তাদের মধ্যে একজনের সফট স্কিলগুলো ভালো ছিল, যেখানে অন্যজন এমন কিলগুলোকে কম মূল্যায়ন করেছেন।

ফাইন্যান্স বিষয়টিকে পাঠ্যগত দিক থেকে একটি গণিতভিত্তিক ক্ষেত্র হিসেবে শেখানো হয়, যেখানে আপনি একটি সূত্র অনুসরণ করে ডেটা রাখেন এবং সূত্রটি আপনাকে কী করতে হবে, তা বলে দেয়। এখানে সূত্র মোতাবেক ধরে নেওয়া হয় যে, আপনি অর্থনৈতিক সিদ্ধান্তের ক্ষেত্রে এমনটিই করবেন।

এটি ব্যক্তিগত লেভেলে অর্থের ক্ষেত্রে সত্য, যেখানে আপনাকে ছয় মাসের জন্য জরুরি তহবিল জমা রাখতে বলা হবে এবং আপনার বেতনের ১০% সঞ্চয় করতে বলা হবে। এটি বিনিয়োগের ক্ষেত্রে সত্য

যেখানে আমরা সুদের হার এবং মূলধনের উপর প্রাপ্য লভ্যাংশের মধ্যে সঠিক সমানুপাতিক হার নির্ধারণ করি।

এটি কর্পোরেট ফাইন্যান্সের ক্ষেত্রেও সত্য, যেখানে সিএফও মূলধনের উপর সুনির্দিষ্ট খরচ পরিমাপ করা হয়। এটি এমন নয় যে, এমন অর্থনৈতিক সমীক্ষার/সূত্রের একটি সঠিক এবং অন্যটি ভুল। আপনি যখন এমন সূত্র ধরে হিসাব করবেন, তখন আপনার মাথায় যা ঘটছে, তা বিবেচ্য বিষয় নয়। দুটি বিষয় সারা পৃথিবীর সকল মানুষের জীবনধারাকে প্রভাবিত করে; আপনি এগুলোতে আগ্রহী হোন, কিংবা না হোন: আর তা হলো, স্বাস্থ্য এবং অর্থ।

বর্তমানে সারা বিশ্বে অর্জিত স্বাস্থ্যসেবা খাত এবং মানুষের ক্রমবর্ধমান গড় আয়ু আধুনিক বিজ্ঞানের অর্জিত যুগান্তরকারী বিজয়। বৈজ্ঞানিক আবিষ্কারগুলো মানবদেহ কীভাবে কাজ করে, সে সম্পর্কে ডাক্তারদের পুরানো ধারণাগুলো প্রতিস্থাপিত হয়েছে। শিল্প প্রতিষ্ঠানে বিনিয়োগ, ব্যক্তিগত অর্থায়ন, ব্যবসায়িক পরিকল্পনা সবকিছুতে পরিবর্তন এসেছে। নতুন ফাইন্যান্সিয়াল কোর্সগুলো গত দুই দশক ধরে শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয় থেকে গ্র্যাজুয়েশান করে আসা, স্মার্ট গ্র্যাজুয়েটদের দক্ষতাকে স্কিপ করেছে। এক দশক আগেও প্রিন্সটন স্কুল অফ ইঞ্জিনিয়ারিং-এ ফিন্যান্সিয়াল ইঞ্জিনিয়ারিং কোর্স ছিল সবচেয়ে জনপ্রিয় মেজর সাবজেক্ট, যা এখন আর আগের মতো নেই।

এমন বিশ্ববিদ্যালয়গুলোর গ্র্যাজুয়েশান সার্টিফিকেট আমাদেরকে ভালো বিনিয়োগকারী করেছে, এমন কোনো প্রমাণ আছে কি? আমি কোনো প্রমাণ দেখিনি। বহু বছর ধরে অর্থনীতিতে কৃষকের সমষ্টিগত ট্রায়াল এবং ত্রুটি নামক অধ্যায়ে আমরা শিখেছি, কীভাবে একজন কৃষক আরো ভালো দক্ষ চাষি হতে পারেন এবং উন্নত প্রযুক্তি ব্যবহার করে উৎপাদন বাড়াতে পারেন?

কিন্তু এমন অধ্যয়ন কি আমাদেরকে আমাদের ব্যক্তিগত অর্থের সঠিক ব্যবহার করতে শিখিয়েছে? আমরা কী ঋণ থেকে মুক্ত হয়ে

মৃত্যুবরণ করতে সক্ষম হবো? আমরা কি অবসরের জন্য প্রস্তুত হচ্ছি? আমাদের সুখ অর্জনে অর্থ আমাদের জন্য কী করতে পারে এবং কী করতে পারে না, আর কী করে, সে সম্পর্কে আমাদের কী বাস্তবতার প্রেক্ষিতে শিক্ষা রয়েছে? আমি এমন প্রশ্নগুলোর উত্তরে কোনো মজবুত যা প্রমাণ দেখিনি।

আমি বিশ্বাস করি, আমরা অর্থ সম্পর্কে যেভাবে চিন্তা করি এবং আমাদেরকে যেভাবে শেখানো হয়, তা পদার্থ বিজ্ঞানের মতো (পদার্থের নিয়ম এবং আইন) এবং মনোবিজ্ঞানের মতো (আবেগ এবং মস্তিষ্কের নিউরন ক্রিয়া) যথেষ্ট নয়। আমার কাছে, অর্থনীতি একটি গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে অত্যন্ত আকর্ষণীয় সাবজেক্ট। অর্থশাস্ত্রের প্রয়োগ পৃথিবীর সর্বত্র বিরাজমান; এটি আমাদের সকলের সকল অর্থনৈতিক কার্যক্রমকে প্রভাবিত করে এবং আমাদের বেশিরভাগ জনগণকে বিভ্রান্ত করে।

সবাই অর্থশাস্ত্র বিষয়টিকে কিছুটা ভিন্নভাবে চিন্তা করে। বিষয়টিতে ঝুঁকি, আত্মবিশ্বাস এবং সুখের মতো জীবনের অনেক গুরুত্বপূর্ণ ক্ষেত্রে প্রযোজ্য বিষয়গুলোর উপর পাঠ করার অফার করা হয়। কিছু অধ্যায়ে আরো কার্যকরী এবং ম্যাগনিফাইং সমীক্ষা অফার করা হয়, যেখানে ব্যাখ্যা করা হয়েছে যে, কেন মানুষেরা একটি নির্দিষ্ট অর্থনৈতিক সেটে নির্দিষ্ট আচরণ করে থাকে।

এটি পৃথিবীর সর্বশ্রেষ্ঠ শোগুলোর মধ্যে অন্যতম শো। সাইকোলজি অফ মানি' বইটি আমার নিজস্ব উপলব্ধি এবং এই বিষয়ে গত এক দশকেরও বেশি সময় ব্যাপী আমার প্রকাশিত লেখনিগুলোর সমন্বয়ে লেখা হয়েছে। আমি ২০০৮ সালের প্রথমদিকে ফিন্যান্স বিষয়ে লেখালেখি শুরু করি। আমেরিকার বিগত ৮০ বছরের সবচেয়ে খারাপ মন্দার কারণ এবং এমন আর্থিক সংকট মোকাবিলায় ব্যবহৃত পন্থাসমূহ উৎঘাটন করার চেষ্টা করেছি। কী ঘটেছিল, তা নিয়ে লিখতে গিয়ে আমি কী ঘটতে যাচ্ছে, তা বের করার চেষ্টা করি। কিন্তু, আর্থিক সংকটের কারণ গবেষণা করতে গিয়ে আমি প্রথমে যে জিনিসটি শিখেছি, তা হলো, কেউই সঠিকভাবে এর কারণ ব্যাখ্যা করতে পারেনি। আমেরিকার অর্থনীতে কী ঘটেছে বা কেন ঘটেছে;আমাদের

ভবিষ্যতের জন্য কী করা উচিত? যেকোনো কারণের ভালো ব্যাখ্যা করার ক্ষেত্রে একটি সমানুপাতিক বিশ্বাসযোগ্য প্রমান থাকা প্রয়োজন।

প্রকৌশলীরা একটি সেতু ধসের কারণ নির্ধারণ করতে পারেন, কারণ পদার্থ বিজ্ঞানের নিয়মে রয়েছে যে, যদি একটি নির্দিষ্ট অবকাঠামোর উপর একটি নির্দিষ্ট পরিমাণ বল প্রয়োগ করা হয়, তাহলে সেই অবকাঠামোটি ভেঙে যাবে। পদার্থবিজ্ঞান বিতর্কিত নয়। এটি প্রকৃতির আইন দ্বারা পরিচালিত; এটি প্রমাণিত সত্য। তবে, ফাইন্যান্স তথা অর্থশাস্ত্র আলাদা বিষয়, এটি পদার্থবিজ্ঞানের মতো চিরন্তন সত্য নয়। এটি মানুষের আচরণ দ্বারা পরিচালিত হয়। আমি যেভাবে আচরণ করি, তা আমার কাছে বোধগম্য মনে হতে পারে, তবে তা আপনার কাছে পাগলের মতো আচরণ মনে হতে পারে। আমি আর্থিক সংকট এবং মোকাবিলা বিষয় সম্পর্কে যতো বেশি অধ্যয়ন করেছি এবং লিখেছি, ততোই আমার নিকট প্রতীয়মান হয়েছে যে, আপনি আর্থিক বিষয়গুলোকে মনোবিজ্ঞান এবং ইতিহাসের লেন্সের দৃষ্টিকোণ থেকে বিবেচনা করলে, আরো ভালোভাবে অনুধাবন করতে পারবেন।

মানুষেরা কেন অতিরিক্ত ঋণের মধ্যে নিজেদেরকে পিষ্ট করে, তা বোঝার জন্য আপনাকে সুদের হার অধ্যয়ন করতে হবে না; আপনাকে লোভ, নিরাপত্তাহীনতা এবং আশাবাদের ইতিহাস অধ্যয়ন করতে হবে। বিয়ার মার্কেট খাতে বিনিয়োগকারীরা কেন বিনিয়োগ করে, তা জানতে আপনাকে ভবিষ্যৎ প্রত্যাশিত রিটার্নের গণিত অধ্যয়ন করতে হবে না; যেকোনো খাতে বিনিয়োগ করার ক্ষেত্রে আপনার পরিবারের আর্থিক চাহিদা পূরণের বিষয়ে ভাবতে হবে এবং ভাবতে হবে যে, আপনার বিনিয়োগ তাদের ভবিষ্যৎকে বাধাগ্রস্ত করছে কিনা। আমি ভলতেয়ারের পর্যবেক্ষণটি পছন্দ করি যে-ইতিহাস কখনো নিজেকে পুনরাবৃত্ত করেনা ; মানুষই সবসময় ইতিহাস পুনরাবৃত্ত করে। আমরা অর্থের চাহিদা অনুপাতে কীভাবে আচরণ করি, তা বোঝার ক্ষেত্রে এটি খুব ভালোভাবে প্রযোজ্য।

২০১৮ সালে আমি একটি প্রতিবেদন লিখেছিলাম—২০টি গুরুত্বপূর্ণ। ত্রুটি, পক্ষপাতিত্ব এবং খারাপ আচরণের কারণ, যা পরস্পর অর্থনৈতিক লেনদেন করার সময় মানুষের আচার-আচরণকে প্রভাবিত করে। এটিকে অর্থের মনোবিজ্ঞান বলা হয় এবং আমার প্রতিবেদনটি প্রায় এক মিলিয়নেরও বেশি মানুষ পাঠ করেছেন। এই বইটি প্রতিবেদনটির অন্তর্নিহিত বিস্তৃত বিশেষণ। প্রতিবেদনটি থেকে কিছু সংক্ষিপ্ত প্যাসেজ এই বইতে উদ্ধৃতি আকারে তুলে ধরা হয়েছে।

আপনি বইটিতে যা ধারণ করছেন, তা হলো, ২০টি অধ্যায়; প্রত্যেকটি অধ্যায়ে এমন কিছু অর্থনৈতিক বৈশিষ্ট্য বর্ণনা করা হয়েছে, যেগুলোকে সামষ্টিক অর্থে আমি 'অর্থের মনোবিজ্ঞানমূলক বৈশিষ্ট্য হিসেবে অবহিত করেছি।

অধ্যায়গুলোর বর্ণনা একটি সাধারণ থিম তথা পয়েন্টকে কেন্দ্র করে তুলে ধরা হয়েছে। তবে, বর্ণনার প্রতিটি বাক্য স্বতন্ত্রভাবে বিদ্যমান এবং এগুলোকে আপনি স্বতন্ত্র প্রেক্ষাপটে পাঠ করতে পারেন। বইটি খুব বেশি বড় নয়। আপনাকে স্বাগতম।

বেশিরভাগ পাঠকেরা তাদের পাঠ শুরু করা বইগুলো শেষ করেন , কারণ বেশিরভাগ একক বিষয় অনুধাবন করার জন্য বিষয়টির উপর লিখিত ৩০০ পৃষ্ঠার ব্যাখ্যা পাঠ করার প্রয়োজন হয় না। আমি বরং ২০টি অধ্যায়ে ২০টি সংক্ষিপ্ত পয়েন্ট তৈরি করেছি, যা আপনি খুব দ্রুত পাঠ করে শেষ করতে পারবেন এবং খুব দ্রুত অনুধাবন করতে পারবেন।

আপনার জন্য শুভ কামনা।

-মর্গান হাউজেল

অধ্যায় ১

এই পৃথিবীর বুকে সত্যিকার অর্থে কেউই পাগল নয়; সবাই অর্থের অন্বেষণে বিভ্রান্ত

আমাকে একটি সমস্যা সম্পর্কে বলতে দিন। আপনি আপনার টাকা দিয়ে কী করবেন, সে সম্পর্কে সচেতন হোন; অন্য মানুষেরা তাদের টাকা দিয়ে কী করে, সে বিষয়ে মনোযোগ দিবেন না। টাকা দিয়ে মানুষ কিছু পাগলামি করে। কিন্তু, তাদের কেইউ পাগল নয়।

এখানে বিষয়টি হলো : বিভিন্ন প্রজন্মের মানুষেরা, যারা বিভিন্ন পিতামাতার মাধ্যমে বেড়ে উঠেছেন, যারা বিভিন্ন আয়-উপার্জন করেছেন এবং বিভিন্ন মূল্যবোধের অধিকারী হয়েছেন, বিশ্বের বিভিন্ন অংশে, বিভিন্ন অর্থনৈতিক প্রেক্ষাপটে জন্মগ্রহণ করেছেন, বিভিন্ন প্রণোদনা এবং বিভিন্ন ডিগ্রিসহ বিভিন্ন চাকরির বাজারের অভিজ্ঞতা অর্জন করেছেন; তাদের অর্জিত জ্ঞান এবং শিক্ষা অত্যন্ত স্বতন্ত্র। অর্থনৈতিক বিশ্ব কীভাবে কাজ করে, তা নিয়ে প্রত্যেকেরই নিজস্ব অনন্য অভিজ্ঞতা রয়েছে। আপনি যা শিখছেন, তার চেয়ে আপনি যা অভিজ্ঞতা অর্জন করছেন, তা আরো বেশি আকর্ষণীয়।

তাই আমরা সবাই—আপনি, আমি, প্রত্যেকেই মানুষ থেকে মানুষভেদে ভিন্ন ভিন্ন ভাবে অর্থ কীভাবে কাজ করে, সে সম্পর্কে ভিন্ন। ভিন্ন দৃষ্টিভঙ্গি পোষন করি। আপনার কাছে যা পাগলামি বলে মনে হয়, তা আমার কাছে স্বাভাবিক মনে হতে পারে। যে ব্যক্তি দারিদ্র্যের মধ্যে বেড়ে উঠেছেন ঝুঁকি এবং পুরষ্কারের বিষয়টিকে এমনভাবে ভাববে, যেভাবে একজন ধনী ব্যাংকারের সন্তান শত চেষ্টা করেও ভাবতে পারবে । যখন মুদ্রাস্ফীতি বেশি ছিল, তখন এমন পরিবেশে যেই ব্যক্তি বড়

হয়েছেন, তার অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি এবং অভিজ্ঞতা স্থিতিশীল মূল্যের পরিবেশে বেড়ে ওঠা ব্যক্তির তুলনায় স্বতন্ত্র হবে। মহা মন্দার সময় যেই স্টক ব্রোকার সবকিছু হারিয়েছেন, তার অনুভব ১৯৯০-এর দশকের প্রযুক্তি কর্মীর অনুভব থেকে ভিন্ন হবে। যেই অস্ট্রেলিয়ান নাগরিক ৩০ বছর ধরে কোনো মহা মন্দা দেখেননি, তিনি এমন কিছু অনুভব করবেন, যা কোনো আমেরিকান নাগরিক কখনো অনুভব করতে পারবেন না।

এভাবে চিন্তার পার্থক্য চলমান-অভিজ্ঞতার তালিকা অন্তহীন।

আপনি অর্থনীতি সম্পর্কে এমন কিছু জানেন, যা আমি জানি না এবং এর বিপরীতটাও সত্য হতে পারে। আপনি আমার থেকে ভিন্ন লেভের আত্মবিশ্বাস, লক্ষ্য এবং পূর্বাভাস নিয়ে জীবন সংগ্রামের মধ্য দিয়ে পার হন। এর কারণ এই নয় যে, আমাদের মধ্যে একজন অন্যজনের তুলনায় বেশি স্মার্ট, একজন অন্যজনের তুলনায় অধিক তথ্য জানেন। এর কারণ আমাদের জীবনযাপনের ভিন্ন ভিন্ন পরিবেশ এবং ভিন্ন ভিন্ন অভিজ্ঞতা; জীবনধারণের ভিন্নতর প্রেক্ষাপট। অর্থসংক্রান্ত বিষয়ে আপনার ব্যক্তিগত অভিজ্ঞতা বিশ্ব অর্থনীতিতে যা ঘটছে, তার তুলনায় ০.০০০০০০০১%। তবে, আপনি নির্দিষ্ট অর্থনৈতিক সেটে বিশ্ব অর্থনীতি যেভাবে কাজ করে বলে মনে করেন, তা ৮০% সত্য হতে পারে। তাই, আপনার সমানুপাতিক বুদ্ধিমান যেকোনো ব্যক্তি -

১. কীভাবে এবং কেন অর্থনৈতিক মন্দা ঘটতে পারে?

২. কীভাবে আপনার অর্থ বিনিয়োগ করা উচিত?

৩. আপনার কী অগ্রাধিকার দেওয়া উচিত?

৪. আপনার কতোটা ঝুঁকি বহন করা উচিত? ইত্যাদি প্রশ্নে দ্বিমত পোষণ করতে পারে।

ফ্রেডেরিক লুইস অ্যালেন তার '১৯৩০-এর দশকের আমেরিকা'নামক বইয়ে লিখেছেন যে, মহামন্দা লক্ষ লক্ষ আমেরিকানদেরকে মানসিকভাবে তাদের বাকি জীবনের জন্য প্রস্তুত হতে প্রশিক্ষণ

দিয়েছে। কিন্তু এমন অভিজ্ঞতার নির্দিষ্ট সীমা-পরিসীমা ছিল। জন, এফ কেনেডি যখন পঁচিশ বছর পর আমেরিকার রাষ্ট্রপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করেন, তখন তাকে একজন সাংবাদিক জিজ্ঞাসা করেন যে, তিনি পূর্বেকার পরাজয়ের বিষন্নতা থেকে কী মনে রেখেছেন?

তিনি মন্তব্য করেন : বিষন্নতা থেকে আমার কোনো ইতিবাচক জ্ঞান অর্জন হয়নি। আমার পরিবার অত্যন্ত বিত্তশালী ছিল এবং আমার পরাজয়ের পরও আমার পিতা-মাতার সম্পদ আগের চেয়ে অনেক বেশি বৃদ্ধি পায়। আমাদের বাড়ির আয়তন আরো বাড়ানো হয়, আমাদের আরো চাকর নিযুক্ত করা হয়, আমরা আরো বেশি পরিভ্রমণে বের হতাম।

আমি সরাসরি দেখেছি যে, আমার বাবা কয়েকজন অতিরিক্ত উদ্যান পালক নিয়োগ করতেন শুধুমাত্র তাদের একটি কাজ দেওয়ার জন্য; যাতে তারা খেতে পারে এবং সার্ভাইব করতে পারে। আমি হার্ভার্ডে হতাশা সম্পর্কিত একাডেমিক বই পাঠ করার পূর্ব পর্যন্ত, সত্যিকার অর্থে হতাশাজনক অনুভবের বিষয়টি বুঝতাম না।

১৯৬০ সালের নির্বাচনে প্রার্থীদের মধ্যে অর্থনৈতিক জ্ঞান থাকার বিষয়টি প্রধান পয়েন্ট হিসেবে বিবেচিত ছিল। মানুষেরা অতীতে অর্থনৈতিক বিষয়গুলোকে কীভাবে ভেবেছিল? আগামী প্রজন্মের জন্য করণীয় সবচেয়ে গুরুত্বপূর্ণ অর্থনৈতিক কার্যক্রম সম্পর্কে বোঝেন না, এমন কাউকে কি নির্বাচিত করে অর্থনীতির দায়িত্ব দেওয়া যেতে পারে? মহা মন্দার সময় সবকিছু হারানোর গল্প কেমন ছিল, তা আমি পড়ার মাধ্যমে জানতে পারি। তবে যারা বাস্তবে এটি অনুভব করেছেন, তাদের মানসিক দাগ আমি অনুভব করতে পারি না। যে ব্যক্তি মহা মন্দার সময় জীবন অতিবাহিত করেছে, সে বুঝতে পারে না কেন আমার মতো ব্যক্তি স্টকের মতো বৃহৎ কোম্পানির মালিকানা লাভ করার পরও আত্মতুষ্টির অভাবে ভোগে।

আমরা প্রত্যেকেই ভিন্ন ভিন্ন লেন্সের মাধ্যমে পৃথিবীকে দেখি। স্প্রেডশিট স্টক মার্কেট পতনের ফ্রিকোয়েন্সি মডেল হতে পারে।কিন্তু

আপনার বাড়িতে আসার অনুভূতি, আপনার বাচ্চাদের দিকে তাকানোর অনুভূতি এবং আপনার ভাবনা যে, আপনি এমন কোনো ভুল করছেন কিনা, যা আপনার বাচ্চাদের জীবনকে প্রভাবিত করবে; এমন ব্যক্তিগত অনুভূতিগুলোকে আপনি কোনো মডেল আকারে উপস্থাপন করতে পারেন না।

ইতিহাস অধ্যয়ন করলে আপনি অভিজ্ঞতামূলক কিছু বিষয়ে জানতে পারবেন। কিন্তু যতোক্ষণ না আপনি ইতিহাসের কোনো ঘটনার মধ্য দিয়ে জীবনযাপন করছেন এবং ব্যক্তিগতভাবে এমন ঘটনার পরিণতি অনুভব করছেন; ততোক্ষণ পর্যন্ত আপনি আপনার অর্থনৈতিক আচরণ পরিবর্তন করতে পারবেন না। আমরা সবাই মনে করি, বৈশ্বিক অর্থনীতি কীভাবে কাজ করে, তা আমরা জানি। কিন্তু সত্যিকার অর্থেই আমরা সকলেই বৈশ্বিক অর্থনীতির একটি ছোট অংশ, কিংবা ক্ষুদ্র প্রেক্ষাপট অনুভব করতে পারি; সামষ্টিক অংশ নয়।

যেমন প্রখ্যাত বিনিয়োগকারী মাইকেল ব্যাটনিক বলেছেন—"কিছু পাঠ বোঝার আগে অভিজ্ঞতা অর্জন করতে হবে। আমরা সবাই বিভিন্ন উপায়ে এমন সত্যের শিকার।

২০০৬ সালে ন্যাশনাল ব্যুরো অফ ইকোনমিক রিসার্চের অর্থনীতিবিদ উলরিক মালমেন্ডিয়ার এবং স্টেফান নাগেল, আমেরিকার বিগত ৫০ বছর সময়ের উপর সার্ভে অফ কনজিউমার ফাইন্যান্স নামক প্রজেক্টের মাধ্যমে আমেরিকানরা তাদের অর্থ দিয়ে কী করে, তার একটি বিশদ বিবরণ তুলে ধরেন।

সেই সময়ে তাদের কাছে উপলব্ধি বিনিয়োগের বিকল্পগুলোর বৈশিষ্ট্য। কিন্তু সত্যিকার অর্থে মানুষ যা করে, তা প্রতীয়মান হয়নি। অর্থনীতিবিদরা দেখেছেন যে, একজন মানুষের জীবনকালের বিনিয়োগের সিদ্ধান্তগুলো তার নিজস্ব প্রজন্মের অভিজ্ঞতার সাথে প্রবলভাবে সম্পৃক্ত বিশেষ করে তাদের প্রাপ্তবয়স্ক জীবনের প্রথম দিকের অভিজ্ঞতাগুলো। আপনি যদি মুদ্রাস্ফীতি বেশি হওয়ার সময় বড় হয়ে

থাকেন, তাহলে আপনি যখন মুদ্রাস্ফীতি কম ছিল, তখন যারা বড় হয়েছেন, তাদের তুলনায় পরবর্তী জীবনে, বন্ডে আপনার অর্থ কম বিনিয়োগ করিবেন। আপনি যদি বড় হয়ে থাকেন, এমন সময়ে যখন স্টক মার্কেট শক্তিশালী ছিল, তাহলে আপনি আপনার পরবর্তী জীবনে অধিকাংশ অর্থ স্টক মার্কেটে বিনিয়োগ করবেন; যারা স্টক দুর্বল হওয়ার সময় বড় হয়েছেন, তাদের তুলনায় আপনি বেশি পরিমাণ অর্থ বিনিয়োগ করবেন। অর্থনীতিবিদরা লিখেছেন: "আমাদের অনুসন্ধানগুলো থেকে প্রতীয়মান হয় যে, ব্যক্তিগত বিনিয়োগকারীদের ঝুঁকি বহন করার ইচ্ছা ব্যক্তিগত ইতিহাসের উপর নির্ভর করে। বুদ্ধি কিংবা শিক্ষা কিংবা পরিশীলতা নয়।

আপনি কখন এবং কোথায় জন্মগ্রহণ করেন, তার মূলে রয়েছে। আপনার ভাগ্য। দ্য ফিন্যান্সিয়াল টাইমস' পত্রিকা ২০১৯ সালে একটি বিখ্যাত বন্ড কোম্পানির ম্যানেজার বিল গ্রস—এর সাক্ষাৎকার নিয়েছিল। এস স্বীকার করেন যে, তিনি সম্ভবত আজ যেখানে রয়েছেন, সেখানে থাকতেন না, যদি তিনি এক দশক আগে বা পরে জন্মাতেন। এ ধরনের জিনিস শুধুমাত্র আপনার সামনে আসা সুযোগগুলোকে প্রভাবিত করে না; যখন এগুলো আপনার নিকট উপস্থাপন করা হয়, তখন এই সুযোগগুলো সম্পর্কে আপনি কী ভাবেন, তাও প্রভাবিত হয়। গ্রসের নিকট বন্ড একটি সম্পদ তৈরির মেশিন ছিল। তার পিতার প্রজন্মের নিকট, যারা উচ্চ মুদ্রাস্ফীতির পরিবেশে বেড়ে উঠেছেন এবং সহ্য করেছেন; বন্ডে বিনিয়োগ করার অর্থ তাদের সম্পদ জ্বালিয়ে দেওয়া। মানুষেরা কীভাবে অর্থের অভিজ্ঞতা অর্জন করেছে, তার প্রেক্ষাপটগত পার্থক্যগুলো তুচ্ছ নয়; এমনকি যাদের আপনি মনে করতে পারেন, একই রকম প্রেক্ষাপটের অভিজ্ঞতা রয়েছে, তাদের মধ্যেও প্রেক্ষাপটগত বেশ পার্থক্য থাকাটা স্বাভাবিক।

এ আপনি যদি ১৯৭০ সালে জন্মগ্রহণ করেন, তাহলে মুদ্রাস্ফীতির। বিষয়টি সামঞ্জস্যশীল করা হবে, আপনার কিশোর বয়সে এবং ২০-এর দশকে। এটি একটি আশ্চর্যজনক প্রত্যাবর্তন। আপনি যদি ১৯৫০ সালে জন্মগ্রহণ করেন, তাহলে আপনার কিশোর বয়সে এবং ২০-এর দশকে বাজার মুদ্রাস্ফীতি সামঞ্জস্যপূর্ণ ছিল না।

এই দুই গ্রুপের মানুষ তাদের জন্মের বছরের ভিত্তিতে সুযোগের দিক থেকে বিভক্ত; এরা শেয়ার বাজার কিংবা মুদ্রাস্ফীতি কীভাবে কাজ করে, সে সম্পর্কে সম্পূর্ণ ভিন্ন দৃষ্টিভঙ্গি নিয়ে জীবনযাপন করেন। আপনি যদি ১৯৬০-এর দশকে আমেরিকায় জন্মগ্রহণ করেন, আপনার কিশোর বয়সে এবং ২০-এর দশকে মুদ্রাস্ফীতি সামঞ্জস্যশীল হবেআপনি আপনার কৈশোর বয়স থেকেই অর্থনীতি কীভাবে কাজ করে, সে সম্পর্কে জ্ঞানের ভিত্তি মজবুত করছেন—এতদিনে বাজারে দ্রব্যের মূল্য তিন গুণেরও থেকেও বেশি বেড়েছে। আপনার মনে থাকবে, গ্যাসের লাইন পাওয়া এবং গ্যাসের বিল পরিশোধ করা কতোটা ব্যয়বহুল ছিল।

কিন্তু আপনি যদি ১৯৯০ সালে জন্মগ্রহণ করেন, তাহলে আপনার সারা জীবনব্যাপী মুদ্রাস্ফীতির হার এতোটাই কম থাকবে যে, সম্ভবত আপনি অনুভবই করতে পারবেন না। ২০০৯ সালের নভেম্বর মাসের হিসাব মোতাবেক আমেরিকা দেশব্যাপী বেকারত্ব হার ছিল প্রায় ১০%। কিন্তু ১৬ থেকে ১৯ বছর বয়সি আফ্রিকান-আমেরিকান পুরুষদের বেকারত্বের হার ছিল ৪৯%।

কলেজ ডিগ্রিসহ ৪৫ বছরেরও বেশি বয়সি ককেশীয় মহিলাদের বেকারত্বের হার ছিল ৪%। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জার্মানি এবং জাপানের স্থানীয় স্টক মার্কেট নিশ্চিহ্ন হয়ে গিয়েছিল। পুরো অঞ্চলে বোমা নিক্ষেপ করা হয়। যুদ্ধ শেষে, জার্মান খামারগুলোতে শুধুমাত্র দেশের নাগরিকদের জন্য দৈনিক ১,০০০ ক্যালোরিসম্পন্ন খাদ্য উৎপাদন করা হয়। এটিকে মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে তুলনা করুন, যেখানে স্টক মার্কেট ১৯৪১ সাল থেকে ১৯৪৫ সালের শেষ পর্যন্ত দ্বিগুণেরও বেশি হারে বৃদ্ধি পায় এবং অর্থনীতি প্রায় দুই দশকের মধ্যে

সবচেয়ে শক্তিশালী ছিল। কারও আশা করা উচিত নয় যে, এই গোষ্ঠীর সদস্যরা তাদের বাকি জীবনে মুদ্রাস্ফীতি সম্পর্কে একই দৃষ্টিভঙ্গি পোষণ করবে। অথবা শেয়ার বাজার কিংবা বেকারত্ব কিংবা সাধারণভাবে অর্থনীতি সম্পর্কে একই দৃষ্টিভঙ্গি পোষণ করবে। কারও আশা করা উচিত নয় যে, এই গোষ্ঠীর সদস্যরা নির্দিষ্ট অর্থনৈতিক সেটে একই রকম প্রতিক্রিয়া ব্যক্ত করবে। কারও অনুমান করা উচিত নয় যে, এরা একই লেভেলের প্রণোদনা পেয়েছে ।

কোনটি গুরুত্বপূর্ণ? কোনটির মূল্য বেশি? পরবর্তীতে কী ঘটতে চলেছে? ভবিষ্যতের জন্য সেরা পথটি কী হতে পারে, ইত্যাদি যাবতীয় বিষয়ে তাদের একমত পোষণ করার প্রত্যাশা করা উচিত নয়। অর্থ সম্পর্কে তাদের দৃষ্টিভঙ্গি বিভিন্ন জগতের প্রেক্ষাপটে গঠিত হয়েছে। অর্থনীতিসংক্রান্ত বিষয়ে একটি দৃষ্টিভঙ্গি একদল লোকের নিকট আপত্তিকর বলে মনে হতে পারে; কিন্তু তা অন্যদের নিকট নিখুঁত অর্থবোধ মতামত হিসেবে গণ্য হতে পারে। কয়েক বছর আগে, নিউইয়র্ক টাইমস পত্রিকা তাইওয়ানের বিশাল ইলেকট্রনিক্স পণ্য প্রস্তুতকারক কোম্পানি ফক্সকনের কারখানার কাজের পরিবেশ নিয়ে একটি স্টোরি প্রকাশ করে। কারাখানাটির কাজের পরিবেশ এবং শ্রমিক ব্যবস্থাপনার অবস্থা প্রায়ই নৃশংসতম লেভেলের ছিল। পাঠকরা স্টোরিটি পাঠ করে মর্মাহত হন। তবে গল্পটির একটি আকর্ষণীয় প্রতিক্রিয়া এসেছে একজন চীনা শ্রমিকের ভাগ্নের কাছ থেকে, যিনি মন্তব্য বিভাগে লিখেছেন: আমার uncle আমেরিকাতে একটি কারখানাতে অত্যন্ত গরম পরিবেশে কয়েক বছর যাবৎ কাজ করেন। এমন পরিবেশে তার জন্য কাজ করা অত্যন্ত কঠিন ছিল। যেখানে কর্মঘণ্টা দীর্ঘ, মজুরির পরিমাণ কম; কাজের পরিবেশের অবস্থা অত্যন্ত নিম্নমানের। আপনি কী জানেন যে, আমার খালা এই কারখানাগুলোতে কাজ করার পূর্বে কী করতেন? তিনি একজন পতিতা ছিলেন। তার আগের জীবনধারার তুলনায় বর্তমানে কারখানাতে অত্যন্ত গরম পরিবেশে কাজ করার সুযোগ আমার মতে তার দিক থেকে আর্থিক অবস্থার উন্নতি। আমি জানি যে, বরং

আমার uncle কয়েক ডলার মজুরির বিনিময়ে একজন পুঁজিবাদী কারখানার মালিক দ্বারা শোষিত হবেন। শ্রমিকদের প্রতি এমন শোষণ নিপীড়নের তুলনায়তার জন্য অনেক পুরুষের পেনিসের আঘাত অধিক শ্রেয়। এজন্য আমি অনেক আমেরিকানদের চিন্তাধারা এবং মতাদর্শে বিরক্ত। পশ্চিমাদের মতো একই ধরনের সুযোগ আমাদের জন্য নেই। আমাদের সরকারি অবকাঠামোগত ব্যবস্থা তুলনামূলকভাবে ভিন্ন। আমাদের দেশটি আমেরিকার তুলনায় আলাদা। তবে, হ্যাঁ , আমাদের দেশেও কারখানাতে কঠোর পরিশ্রম করতে হয়। কিন্তু শুধুমাত্র আপনি যখন আমেরিকান কারখানার চাকরির সাথে, আমাদের দেশের কারখানাগুলোর চাকরির তুলনা করবেন, তখন পার্থক্যটা আপনার নিকট দৃশ্যমান হবে।

আমি জানি না এমন পরিস্থিতি থেকে মুক্তি পেতে হলে আমাদের কী করতে হবে? আমার মনের একাংশ তর্ক করতে চায়, আবার একাংশ যেকোনো বিষয় বুঝতে চায়। তবে, বেশিরভাগ ক্ষেত্রেই দেখা যায় ভিন্ন অভিজ্ঞতা, একজন ব্যক্তিকে বিষয়গুলোর প্রতি ব্যাপকভাবে ভিন্ন দৃষ্টিভঙ্গির দিকে নিয়ে যায়; যেখানে এক পক্ষ স্বজ্ঞাতে একটি বিষয়কে কালো মনে করেন, অথচ অন্য পক্ষ বিষয়টিকে সাদা মনে করেন। এই মুহূর্তে একজন অর্থনীতিবীদের নিকট মজুত থাকা তথ্য গ্রহণ করার মাধ্যমে এবং বিশ্ব অর্থনীতি যেভাবে কাজ করে, তার অনন্য মানসিক মডেলে এটি প্লাগ করার মাধ্যমে; অর্থনীতি বিষয়ে এমন ব্যক্তিদের নেওয়া প্রতিটি সিদ্ধান্তই ন্যায়সংগত হবে। যারা ভুল সিদ্ধান্ত নিবে তাদের প্রাপ্ত তথ্য মিথ্যে হতে পারে। তাদের কাছে অসম্পূর্ণ তথ্য থাকতে পারে। তারা গণিতে খারাপ হতে পারে। সস্তা মার্কেটিং করেই তাদেরকে যেকোনো অর্থনৈতিক সিদ্ধান্তে রাজি করানো যায়। তারা যে সমস্ত সিদ্ধান্ত নিয়ে থাকে, সে বিষয়ে তাদের কোনো বাস্তবিক ধারণা নাও থাকতে পারে। তারা তাদের কর্মের পরিণতি সম্পর্কে ভুল ধারণা করতে পারেন। এমন ব্যক্তিরা কখনো সঠিক সিদ্ধান্ত নিতে পারে না। কিন্তু

একজন সঠিক ব্যক্তি প্রতিটি আর্থিক সিদ্ধান্ত নেয়, সেই মুহর্তে যখন আর্থিক সমীক্ষা তার নিকট বোধগম্য হয় এবং তার অর্থনৈতিক সমীক্ষা বাক্সগুলো চেক করার পর, তার নিকট এমন সিদ্ধান্ত যৌক্তিক মনে হয়, তারা কী করছে এবং কেন তারা এমনটি করছে, সে সম্পর্কে তারা নিজেদের যৌক্তিকতার জন্য একটি কারণ খুঁজে বের করে এবং এ কারণটি তাদের নিজস্ব অনন্য অভিজ্ঞতার দ্বারা রূপায়িত করা হয়। একটি সাধারণ উদাহরণের কথা বিবেচনা করুন: যেমন লটারির টিকিট। আমেরিকানরা অন্যান্য দেশের মানুষদের তুলনায় মুভি দেখা, ভিডিও গেম খেলা, মিউজিক বাজানো, খেলাধুলার ইভেন্টে অংশ নেওয়া এবং বই ক্রয় করার মাধ্যমে অধিক পরিমাণ অর্থ খরচ করে। তারা কেন। এমনটি করে? যেখানে বিশ্বের অন্যান্য দেশের বেশিরভাগ জনগণই দরিদ্র। মার্কিন যুক্তরাষ্ট্রে সর্বনিম্ন আয়ের পরিবারগুলো বছরে গড়ে ৪১২ ডলার লটারি টিকেট ক্রয়ে ব্যয় করে; যা সর্বোচ্চ আয়ের জনগোষ্ঠীদের তুলনায় চারগুণ বেশি খরচ। চল্লিশ শতাংশ আমেরিকানরা জরুরি অবস্থায় ৪০০ ডলারের আনজাম দিতে পারে না। এটি আমার কাছে। পাগলামি বলে মনে হয়। এটি সম্ভবত আপনার কাছেও পাগলামি বলে মনে হচ্ছে। কিন্তু আমি নিম্ন আয়ের দলে নই। সম্ভবত আপনিও নিম। আয়ের দলভুক্ত নন। তাই কম আয়ের লটারি টিকিট ক্রেতাদের অবচেতন যুক্তি স্বজ্ঞাতভাবে উপলব্ধি করা আমাদের অনেকের পক্ষেই কঠিন।

একটু কিছুক্ষণ নীরবে ভাবুন এবং আপনি কল্পনা করুন যে, এমনটি কেন হচ্ছে : কেন আমরা পে-চেক টু পে-চেক জীবনযাপন করি এবং সঞ্চয় করা আমাদের নাগালের বাইরে বলে মনে হয়? অনেক বেশি মজুরি লাভের সম্ভাবনা আমাদের নাগালের বাইরে বলে মনে হচ্ছে। আমরা অবকাশকালীন সময় কাটানো, নতুন গাড়ি ক্রয় করা, স্বাস্থ্য বিমা করা; ইত্যাদি সুবিধাগুলো কেন বহন করতে পারি না? ব্যংক ঋণ ছাড়া আমরা আমাদের বাচ্চাদের কলেজে ভর্তি করাতে পারি না।

আপনারা যারা ফিনান্স বই পড়েন, তাদের বেশিরভাগেরই হয় এখনই অনেক সম্পদ আছে, কিংবা ভবিষ্যতে অধিক সম্পদ পাওয়ার সুযোগ আছে; কিন্তু আমাদের তা নেই। একটি লটারির টিকিট ক্রয় করা এবং জেতা আমাদের অনেকের জীবনের একমাত্র স্বপ্ন, যেই স্বপ্ন আপনাদের অনেকের জীবনে ইতোমধ্যেই হয়তো অর্জিত হয়েছে। আমরা এমন ভালো জিনিস পাওয়ার জন্য কিংবা অর্জন করার জন্য হয়তোবা একটি বাস্তবসম্মত স্বপ্ন ধরে রাখতে পারি। আমরা একটি স্বপ্ন অর্জনের জন্য অর্থ জমা করি এবং আপনি এটি হয়তো বুঝতে পারবেন না , কারণ আপনি ইতোমধ্যেই একটি স্বপ্নে বাস করছেন। তাই আমরা আপনার চেয়ে বেশি লটারির টিকিট কিনি। আপনাকে আমাদের যুক্তির সাথে একমত হতে হবে না। আপনি মানসিকভাবে ভেঙে পড়বেন না, হয়তো বা লটারির টিকিট কেনা এখনো একটি খারাপ ধারণী। কিন্তু আমি বুঝতে পারি, কেন লটারির টিকিট বিক্রি অব্যাহত থাকে। আপনি যা করছেন, হয়তো তা অন্যদের নিকট পাগলামি বলে মনে হচ্ছে, কিন্তু আমি বুঝতে পারছি, কেন আপনি এমনটি করছেন? আমাদের অনেক আর্থিক সিদ্ধান্তের মূল কারণ উন্মোচন করা যায় না। খুব কম লোকই স্প্রেডশিট দিয়ে বিশুদ্ধভাবে আর্থিক সিদ্ধান্ত নেয়, কিংবা নিতে পারে। তারা রাতের খাবার টেবিলে কিংবা একটি কোম্পানির বোর্ড মিটিং-এ তাদের অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহণ করে; এমন একটি জায়গায় সিদ্ধান্ত নেওয়া হয়, যেখানে পণ্যের ইতিহাস, প্রত্যেকের নিজস্ব অনন্য দৃষ্টিভঙ্গি, বিপণন ব্যবস্থাপনা এবং অদ্ভুত অর্থনৈতিক উদ্দীপনাগুলোকে একত্রিত করে এমন একটি আখ্যান তৈরি করা হয়, যা আপনার জন্য উপকারী নাও হতে পারে। আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় যা ব্যাখ্যা করতে সাহায্য করে যে, কেন অর্থের সিদ্ধান্তগুলো এতো কঠিন হয় এবং কেন এতো অসদাচরণ হয়? আর তা হলো, এ বিষয়টি কতোটা নতুন তা শনাক্ত করা।

মুদ্রার প্রচলন শুরু হয় অতি প্রাচীনকাল থেকেই। ৬০০ খ্রিষ্টাব্দে লিডিয়ার রাজা আলিয়াটস, বর্তমান তুরস্কের অংশ, প্রথম সরকারি মুদ্রার প্রচলন করেন বলে ধারণা করা হয়। কিন্তু অর্থের সিদ্ধান্তের আধুনিক ভিত্তি সঞ্চয় এবং বিনিয়োগ এমন ধারণার উপর ভিত্তি করে গড়ে উঠেছে, যা কার্যত শিশুসুলভ আচরণ করার মতো বলে মনে হয়। অবসর গ্রহণের বিষয়টি বিবেচনা করুন। ২০১৮ সালের শেষের দিকে মার্কিন সরকারি অবসর গ্রহণ অ্যাকাউন্টে ২৭ ট্রিলিয়ন ডলার ছিল; যা সাধারণ বিনিয়োগকারীর সঞ্চয় এবং বিনিয়োগের সিদ্ধান্তের প্রধান চালিকাশক্তিতে পরিণত হয়েছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে বেশিরভাগ আমেরিকানরা তাদের মৃত্যুর আগ পর্যন্ত চাকরি করেছিল। এটাই ছিল প্রত্যাশা এবং বাস্তবতা। ১৯৪০ সাল পর্যন্ত ৬৫ বছর বা তারও বেশি বয়সি পুরুষদের শ্রমশক্তিতে অংশগ্রহণের হার ৫০%-এর উপরে ছিল।

সঠিক পেনশন গ্রহণের বিষয়টি বিবেচনা করুন। ১৯৪০ সালে আইডা মে ফুলার যখন প্রথম সামাজিক নিরাপত্তা চেক ক্যাশ আউট করেন, তখন ডলারের পরিমাণ ছিল ২২:৫৪ বা ৪১৬ ডলার, যা মুদ্রাস্ফীতির প্রেক্ষিতে সামঞ্জস্য করা হয়।

১৯৮০-এর দশক পর্যন্ত অবসরপ্রাপ্তদের জন্য গড় সামাজিক নিরাপত্তা চেক মুদ্রাস্ফীতির প্রেক্ষিতে প্রতি মাসে ১,০০০ ডলার ছাড়িয়ে গিয়েছিল। ৬৫ বছরের বেশি বয়সি আমেরিকানদের একচতুর্থাংশেরও বেশি ১৯৬০-এর দশকের শেষ পর্যন্ত দারিদ্রের মধ্যে বসবাসকারী হিসেবে, সেন্সস ব্যুরো দ্বারা তালিকাভুক্ত করা হয়। 'প্রত্যেকের নাগরিকের জন্য ব্যক্তিগত পেনশনের ব্যবস্থা করা হয়'—এমন সুযোগের যৌক্তিক কারণ ছিল। কিন্তু এটি অতিরঞ্জিত হয়েছে। এমপ্লয়ি বেনিফিট রিসার্চ ইনস্টিটিউট ব্যাখ্যা করে যে, ১৯৭৫ সালে ৬৫ বছর বা তারও বেশি বয়সিদের মধ্যে মাত্র এক-চতুর্থাংশের পেনশন আয় ছিল।'

১৯৫৫ সালে নিউইয়র্ক টাইমস পত্রিকায় ক্রমবর্ধমান আকাঙ্ক্ষা সম্পর্কে লেখা হয় যে, সবাই সরকারের পেনশন স্কীম নিয়ে আলোচনাসমালোচনা করে, কিন্তু দৃশ্যত খুব কম লোকই এমন ব্যবস্থার পরিবর্তনের জন্য বাস্তব পদক্ষেপ গ্রহণ করেছে।

১৯৮০ সাল পর্যন্ত এমন ধারণা ছিল না যে, পেনশন রাষ্ট্রের প্রত্যেক নাগরিকেরই প্রাপ্য এবং সবার জন্য এমন সুযোগ থাকা উচিত; একটি মানসম্পন্ন পেনশন সুবিধা গ্রহণ করা সবার অধিকার। এমন মানসম্পন্ন পেনশন সুবিধা দেওয়ার ক্ষেত্রে রাষ্ট্রের পক্ষ থেকে একটি প্রত্যাশা ছিল যে, প্রত্যেকে তাদের নিজস্ব অর্থ সঞ্চয় করবে এবং বিনিয়োগ করবে। আমাকে এই ধারণাটি কতোটা প্রাচীন, তা পুনব্যক্ত করতে দিন: আমেরিকান নাগরিকদের পেনশন সঞ্চয় বাহন-১৯৭৮ সাল পর্যন্ত বিদ্যমান ছিল না। রথ আই. আর. এ. ১৯৯৮ সালে জন্মগ্রহণ করেননি।

এমনটি জেনে অবাক হওয়া উচিত হবে না যে, আমাদের মধ্যে অনেকেরই অবসর গ্রহণের জন্য সঞ্চয় এবং বিনিয়োগের লেভেল খুবই খারাপ। আমরা পাগল নই। আমরা সবাই শুধু অভিজ্ঞতার দিক থেকে নতুন। কলেজের ক্ষেত্রেও তাই। স্নাতক ডিগ্রিসহ ২৫ বছরের বেশি বয়সি আমেরিকানদের মধ্যে ১৯৪০ সাল পর্যন্ত গড়ে ২০% চাকরি করার সুযোগ পেয়েছেন। ২০১৫ সাল পর্যন্ত গড়ে ৪ জনের মধ্যে ১ জন চাকরি করার সুযোগ পেয়েছেন। সে সময়ের গড় কলেজ টিউশন ফি-এর তুলনায় বর্তমান টিউশন ফির পরিমাণ মুদ্রাস্ফীতির তুলনায় চারগুণ বেশি বেড়েছে। অর্থনীতেতে এতো কিছু গুরুত্বপূর্ণ পরিবর্তন হওয়া সত্ত্বেও, সিভিল সোসাইটি-এর কারণ ব্যাখ্যা করতে ব্যর্থ হয়েছে। উদাহরণস্বরূপ, গত ২০ বছরে অনেক ছাত্র ঋণ নিয়ে খারাপ বিপাকে পড়েছে। এমনকি শেখার চেষ্টা করার জন্য তারা তাদের কয়েক দশকের সঞ্চিত অর্থ খরচ করতে বাধ্য হয়েছে। আমরা পরিস্থিতিকে আরো ত্বরান্বিত করছি। ৫০ বছরের কম বয়সিদের সূচক তহবিলের পরিণতি ঘটেছে। হেজ তহবিল, যা গত ২৫ বছর পর্যন্ত চালুই হয়নি। এমনকি ভোক্তা ঋণের ব্যাপক ব্যবহার-বন্ধক, ক্রেডিট কার্ড এবং গাড়ি ঋণদ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে আজ পর্যন্ত বন্ধ হয়নি; যেখানে ব্যংকগুলো লক্ষ লক্ষ আমেরিকানদের ঋণ নেওয়ার পথ সহজ করে দিয়েছে।

অধ্যায় ॥ ২

সৌভাগ্য এবং ঝুঁকি

সৌভাগ্য এবং ঝুঁকি পরস্পর ভাইবোনের মতো। তারা উভয়ই এমন বাস্তবতা অনুকরণ করে যে, জীবনের প্রতিটি ফলাফল ব্যক্তিগত প্রচেষ্টা ছাড়াও অন্য অতিপ্রাকৃত শক্তি (ঈশ্বরের আশীর্বাদ) দ্বারা নিয়ন্ত্রিত হয়। নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়ের প্রফেসর স্কট গ্যালোওয়ের বিষয়টির উপর একটি ধারণা রয়েছে, যা সফলতার বিচার করার সময় মনে রাখা খুবই গুরুত্বপূর্ণ—"আপনার নিজের এবং অন্যদের জন্য কোনো কিছুই অনেক ভালো কিংবা খারাপ নয়। একমাত্র বিল গেটস বিশ্বের এমন একটি হাইস্কুলে পড়াশুনা করেন, যেখানে প্রত্যেক ছাত্রের জন্য একটি করে কম্পিউটার ছিল। সিয়াটেল শহরের বাইরে লেকসাইড স্কুলে কীভাবে প্রত্যেক ছাত্রের জন্য একটি করে কম্পিউটারের ব্যবস্থা করা হয়, তার গল্পটি অসাধারণ।

বিল ডগাল ছিলেন দ্বিতীয় বিশ্বযুদ্ধে আমেরিকার নৌবাহিনীর পাইলট; পরবর্তীতে একটি হাইস্কুলের গণিত এবং বিজ্ঞান বিষয়ের শিক্ষক। তিনি বিশ্বাস করতেন যে, বাস্তব জগতের অভিজ্ঞতা ছাড়া বই অধ্যয়ন করা আমাদের জন্য যথেষ্ট নয়। তিনি আরো বুঝতে পেরেছিলেন যে, আমরা যখন কলেজে উঠি, তখন কম্পিউটার সম্পর্কে আমাদের কিছু জানা দরকার , তিনি প্রয়াত মাইক্রোসফটের সহপ্রতিষ্ঠাতা পল অ্যালেনের স্মৃতিচারণ করেন।

১৯৬৮ সালে লেকসাইড স্কুল কর্তৃপক্ষ তাদের বার্ষিক রমেজ সেল থেকে প্রাপ্ত আয়-প্রায় ৩,০০০ ডলার দিয়ে কম্পিউটার ক্রয় করার জন্য জেনারেল ইলেকট্রিক মেইনফ্রেম টার্মিনালের সাথে ইজারা চুক্তির

আবেদন করে। সময় ভাগ করে নেওয়ার পুরো ধারণাটি শুধুমাত্র ১৯৬৫ সালে উদ্ভাবিত হয়-' গেটস মন্তব্য করেন।

বেশিরভাগ বিশ্ববিদ্যালয়ের স্নাতক লেভেলেও অষ্টম শ্রেণিতে বিল গেটসের অ্যাক্সেসের মতো উন্নতমানের কম্পিউটার কোথাও ছিল না। ১৯৬৮ সালে গেটস ১৩ বছর বয়সে তার সহপাঠী পল অ্যালেনের সাথে । পরিচিত হন। অ্যালেনও স্কুলের কম্পিউটারের প্রতি আচ্ছন্ন ছিলেন এবং দুজনেই একসাথে কম্পিউটার নিয়ে গবেষণা করেন।লেকসাইড স্কুলে কম্পিউটার সাধারণ পাঠ্যক্রমের অংশ ছিল না। এটি একটি স্বতন্ত্র কোর্সের প্রোগ্রাম ছিল। বিল এবং পল তাদের অবসর সময়ে কম্পিউটার নিয়ে খেলতে পারতেন কিন্তু তা না করে, তারা তাদের সৃজনশীলতাকে কাজে লাগানোর সুযোগ পান-স্কুল টাইমের পর, গভীর রাতে, সপ্তাহান্তে। তারা দ্রুত কম্পিউটিং বিশেষজ্ঞ হয়ে উঠেন। তাদের গভীর রাতের সেশন চলাকালে অ্যালেন গেটসকে ফরচুন ম্যাগাজিনের একটি রিপোর্ট দেখান—ফরচুন এ তালিকাভুক্ত বিশ্বের সেরা ৫০০টি কোম্পানি বলতে তুমি কী মনে করো? ‘গেসট বললেন, তার কোনো ধারণা নেই। হয়তো একদিন আমাদের নিজস্ব কম্পিউটার কোম্পানি থাকবে, গেটস বললেন। মাইক্রোসফটের এখন মূল্য এক ট্রিলিয়ন ডলারেরও বেশি।

জাতিসংঘের মতে, ১৯৬৮ সালে বিশ্বে প্রায় ৩০৩ মিলিয়ন বিশ্ববিদ্যালয় গ্র্যাজুয়েট রয়েছেন। তাদের মধ্যে প্রায় ১৮ মিলিয়ন গ্র্যাজুয়েটই মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করতো। তাদের মধ্যে প্রায় ২৭০,০০০ জন গ্র্যাজুয়েটই ওয়াশিংটন রাজ্যে বসবাস করতো। তাদের মধ্যে ১০০,০০০-এর একটু বেশি জন গ্র্যাজুয়েট সিয়াটল এলাকায় বসবাস করতো। তাদের মধ্যে মাত্র ৩০০ জন গ্র্যাজুয়েট লেকসাইড স্কুলে পড়ালেখা করেছে। ৩০৩ মিলিয়ন দিয়ে শুরু করুন, ৩০০ দিয়ে শেষ করুন। এক মিলিয়ন হাইস্কুল শিক্ষার্থীর মধ্যে একজন বিশ্ববিদ্যালয় গ্র্যাজুয়েশনে যোগদান করেছিল, যেখানে একটি কম্পিউটার কেনার জন্য নগদ টাকার অভাব ছিল। বিল গেটস তাদের মধ্যে একজন। এর অর্থ

কী, তা নিয়ে গেটস লজ্জিত নন। যদি লেকসাইড স্কুল না থাকতো, তাহলে মাইক্রোসফ্টও থাকতো না, তিনি ২০০৫ সালে স্কুলের স্নাতক ক্লাসে বললেন। গেটস আশ্চর্যজনকভাবে স্মার্ট, এমনকি আরো বেশি পরিশ্রমী এবং কিশোর বয়সে কম্পিউটারের প্রতি তার এমন একটি দৃষ্টিভঙ্গি ছিল, যা এমনকি সবচেয়ে অভিজ্ঞ কম্পিউটার এক্সিকিউটিভদেরও ছিল না। তিনি লেকসাইডে স্কুলে গিয়ে এক মিলিয়ন মাথার মধ্যে একটি মাথা কম্পিউটারে মনোনিবেশ করেন। এখন আমি আপনাকে গেটসের বন্ধু কেন্ট ইভান্স সম্পর্কে বলি।

তিনি দুর্ভাগ্যের ঘনিষ্ঠ সহচর, তিনি ঝুঁকির সমানুপাতিক শক্তিশালী নেতিবাচক ডোজ অনুভব করেছেন। মাইক্রোসফটের সফলতার জন্য বিল গেটস এবং পল অ্যালেন পরিবারের সুনাম সারা বিশ্বে ছড়িয়ে পড়ে। কিন্তু লেকসাইড হাইস্কুল কম্পিউটার প্রডিজিদের এই গ্যাংয়ের তৃতীয় সদস্য ছিলেন কেন্ট ইভান্স। কেন্ট ইভান্স এবং বিল গেটস অষ্টম শ্রেণিতে সেরা বন্ধু হয়ে উঠেন।

গেটসের নিজের হিসাব মোতাবেক ইভান্স ক্লাসের সেরা ছাত্র ছিলেন। তারা দুজন ফোনে হাসিখুশির গল্প শেয়ার করতেন—গেটস ইনসাইড বইয়ে-বিলস ব্রেইন ডকুমেন্টারিতে উল্লেখ করেন। আমি এখনো কেন্টের ফোন নম্বর জানি, তিনি মন্তব্য করেন। ৫২৫-৭৮৫১ ইভান্স গেটস এবং অ্যালেনের মতো কম্পিউটারে দক্ষ ছিলেন। লেকসাইড স্কুল একবার ক্লাসের সময়সূচি ম্যানুয়ালি সমন্বিত করার জন্য শত শত শিক্ষার্থীদেরকে তাদের প্রয়োজনীয় ক্লাসগুলো পেতে, অন্যান্য কোর্সের সাথে সাংঘর্ষিক যাতে না হয়। স্কুল কর্তৃপক্ষ বিল এবং কেন্টকে বাচ্চাদের জন্য যে কোনো উপায়ে সমস্যা সমাধানের জন্য একটি কম্পিউটার প্রোগ্রাম তৈরি করার দায়িত্ব দেয়। তারা সফল হয়েছে। পল অ্যালেনের বিপরীতে কেন্ট তার ব্যবসায়িক মন এবং অন্তহীন উচ্চ আকাঙ্ক্ষার বিষয়টি শেয়ার করেন। গেটস স্মরণ করে বলেন—“কেন্টের কাছে সবসময় একজন আইনজীবীর ব্রিফকেসের মতো বড় একটি

ব্রিফকেস থাকতো। আমরা সবসময় ভবিষ্যতে পাঁচ বা ছয় বছর পর কী করবো, তা নিয়ে চক্রান্ত করতাম। আমাদেরকে কি কোম্পানির সিইও হতে হবে? আমাদের কী ধরনের প্রভাব-প্রতিপত্তি থাকতে পারে? আমাদেরকে কী জেনারেল হতে হবে? আমাদেরকে কী রাষ্ট্রদূত হতে হবে? যাই হোক না কেন, বিল এবং কেন্ট জানতো যে, তারা সফল হবে। কেন্টের সাথে তার বন্ধুত্বের কথা মনে করিয়ে দেওয়ার পরে গেটস চলে যান।

'আমরা একসাথে কাজ করতাম, একসাথে পড়াশোনা করতাম। আমি নিশ্চিত আমরা একসাথে কলেজে যেতাম। কেন্ট, গেটস এবং অ্যালেনের সাথে মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা হিসেবে অংশীদার হতে পারতেন। কিন্তু এটি কখনই হবে না। কারণ, উচ্চ বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক শেষ করার আগে কেন্ট একটি পর্বতারোহণ দুর্ঘটনায় মারা যান। প্রতিবছর মার্কিন যুক্তরাষ্ট্রে প্রায় তিন ডজন পর্বতারোহীর মৃত্যু হয়। হাইস্কুলে পড়ালেখা করা অবস্থায় পাহাড়ে নিহত হওয়ার সম্ভাবনা প্রায় এক মিলিয়নে একজন। বিল গেটস লেকসাইড স্কুলে এসে এক মিলিয়ন ভাগ্যবানদের মধ্যে একজন ভাগ্যবান হওয়ার অভিজ্ঞতা অর্জন করেছেন। কেন্ট ইভানস এবং গেটস যা অর্জন করতে চেয়েছিলেন, তা শেষ করতে না পেরে এক মিলিয়নের মধ্যে একজন ঝুঁকির সম্মুখীন হন। একই শক্তি, একই মাত্রা, বিপরীত দিকে কাজ করে। ভাগ্য এবং ঝুঁকি উভয়ই এমন বাস্তবতা মেনে চলে যে, জীবনের প্রতিটি ফলাফল ব্যক্তিগত প্রচেষ্টা ছাড়াই অন্যান্য স্রষ্টার নির্দেশে পরিচালিত হয়। তারা এতোটাই একই রকম যে, আপনি অন্যটিকে সমানভাবে সম্মান না করে, একটিতে বিশ্বাস করতে পারবেন না। দুটি ঘটনা সমন্বিতভাবে ঘটে থাকে, কারণ বিশ্বে আপনার জন্য ১০০% কর্মের জন্য ১০০% ফলাফল অর্জন করা খুবই কঠিন হবে। ভাগ্য এবং ঝুঁকি প্রকৃতির একই নিয়ম দ্বারা পরিচালিত হয় : আপনি সাত বিলিয়ন অন্যান্য লোকের অংশগ্রহণমূলক একটি খেলার একজন একক খেলোয়াড়।

আপনার নিয়ন্ত্রণের বাইরের ক্রিয়া কর্মগুলোর দুর্ঘটনাজনিত সম্ভাব্য প্রভাব আপনার সচেতন মনের হিসাব অনুপাতের থেকেও বেশি পরিণতিজনক হতে পারে। কিন্তু উভয় ঘটনার সম্ভাবনা পরিমাপ করা অনেক কঠিন; সম্ভাব্য ফলাফল গ্রহণ করা অনেক কঠিন। বিল গেটসের মতো অনেকের বন্ধুই কেন্ট ইভান্সের মতো প্রতিভাবান ছিলেন, যিনি বিল গেটসের মতোই দক্ষ ছিলেন, কিন্তু অল্পতেই জীবন হারিয়ে মৃত্যুর কোলে ঢলে পড়েন।

আপনি যদি ভাগ্য এবং ঝুঁকির বিষয়টি বিবেচনা করেন, আপনি বুঝতে পারবেন যে, মানুষের আর্থিক সফলতা বিচার করার সময় আপনার নিজের এবং অন্যদের উভয়ই কখনই চূড়ান্ত ভালো কিংবা খারাপ নয়। কয়েক বছর আগে আমি অর্থনীতিতে নোবেল পুরস্কার বিজয়ী অর্থনীতিবিদ রবার্ট শিলারকে জিজ্ঞেস করেছিলাম—আপনি বিনিয়োগ সম্পর্কে এমন কি জানতে চান, যা আমরা জানতে পারি না? সফল ফলাফল লাভে সৌভাগ্যের সঠিক ভূমিকা', তিনি উত্তর বলেন। আমি তার এমন মন্তব্যটি পছন্দ করি, কারণ কেউই আসলে মনে করে যে, আর্থিক সফলতা লাভে ভাগ্যের ভূমিকা নেই। কিন্তু যেহেতু ভাগ্যের লেভেল পরিমাপ করা অনেক কঠিন, তাই ডিফল্ট অবস্থানকে প্রায়শই ব্যর্থতার একটি কারণ হিসাবে ভাগ্যকে উপেক্ষা করা হয়। আমি যদি বলি, 'বিশ্বে এক বিলিয়ন বিনিয়োগকারী আছে। নিছক দৈবক্রমে, আপনি কি আশা করবেন যে, তাদের মধ্যে ১০ জন প্রধাণত ভাগ্যের কারণে বিলিয়নিয়ার হয়েছেন? আপনি উত্তর দেবেন, অবশ্যই না'। তারপর, যদি আমি আপনাকে সেই বিনিয়োগকারীদের নাম বলতে বলি—আপনি সম্ভবত বলতে পারবেন না। অন্যদের বিচার বিশ্লেষণ করার সময়, ভাগ্যকে সফলতার জন্য দায়ী করার অর্থ আপনি অন্যদের সফলতায় ঈর্ষান্বিত; আমরা জানি যে, অন্যদের সফলতার পিছনে তাদের কঠোর পরিশ্রমের ইতিবাচক ভূমিকা রয়েছে। আপনি নিজেকে বিচার বিশ্লেষণ করার সময়, ভাগ্যের জন্য সফলতাকে দায়ী করার অর্থ

আপনি আপনার সফলতা নিয়ে খুব হতাশ। অর্থনীতিবিদ ভয় মজুমদার তথ্য-উপাত্ত দিয়ে দেখিয়েছেন যে, একই পরিবারের ভাইদের মধ্যে আয়, উচ্চতা কিংবা ওজনের বিষয়টি পারস্পরিক সম্পর্কযুক্ত। আপনি যদি ধনী এবং লম্বা হন, তাহলে আপনার ভাইয়ের লম্বা হওয়ার চেয়ে ধনী হওয়ার সম্ভাবনা অনেক বেশি। আমি মনে করি, আমাদের মধ্যে বেশিরভাগ লোকই স্বজ্ঞাতে জানেন যে, একজন ব্যক্তির শিক্ষার গুণমান এবং ক্যারিয়ারের দরজাগুলো তার পিতামাতার আর্থসামাজিক অবস্থার সাথে ব্যাপকভাবে জড়িত। ব্যর্থতা দেউলিয়া হওয়া থেকে শুরু করে ব্যক্তিগত লক্ষ্য পূরণে অক্ষমতা হতে পারে সমানুপাতিকভাবে সময় এবং মেধার অপব্যবহারের ফলে হতে পারে। ব্যবসায়িক ব্যর্থতার মানে যথেষ্ট মজবুতভাবে চেষ্টা করা হয়নি? খারাপ বিনিয়োগের অর্থ যথেষ্ট ভালো, বিকল্প আইডিয়াসংক্রান্ত বিষয়ে চিন্তা করা হয়নি? পথভ্রষ্ট ক্যারিয়ার কী অলসতার কারণে হতে পারে? কখনো কখনো হা। অবশ্যই। কিন্তু কতোজনের ক্ষেত্রে এমনটি হতে পারে? এটি জানা খুব কঠিন।

অনুকরণ করা মূল্যবান সবকিছুরই সফল হওয়ার ১০০% এরও কম সম্ভাবনা রয়েছে এবং আপনি যখন এমন সমীকরণের দুর্ভাগ্যজনক ফলাফলের পরিণত হন, তখন আপনার জীবনে ঝুঁকিটিই ঘটে। ভাগ্যের মতোই, স্টোরিটা খুব কঠিন, খুব অগোছালো, খুব জটিল হয়ে যায়; যদি আমরা আলাদা করার চেষ্টা করি; যে কতোটা ঝুঁকির বিপরীতে একটি সঠিক সচেতন সিদ্ধান্ত গ্রহণ করা যায়।।

ধরুন যে, আমি একটি স্টক কোম্পানিতে বিনিয়োগ করলাম এবং পাঁচ বছর পরও কোম্পানিটি বিলুপ্ত হয়নি। এটি সম্ভব হতে পারে যে, আমার প্রথমেই বিনিয়োগ করার সিদ্ধান্ত সঠিক ছিল না। এটাও সম্ভব যে, আমি একটি ভালো সিদ্ধান্ত নিয়েছি, যেখানে অর্থ উপার্জনের ৮০% সম্ভাবনা রয়েছে; কিন্তু আমি হতভাগা ২০% এর তালিকাভুক্ত ছিলাম। আমি কীভাবে জানি যে, কোনটি সঠিক? আমি ভুল করছি নাকি আমি

ঝুঁকির বাস্তবতা অনুভব করেছি? কিছু সিদ্ধান্ত যৌক্তিক এবং বুদ্ধিমান ছিল কিনা, তা পরিসংখ্যানগতভাবে পরিমাপ করা সম্ভব। কিন্তু বাস্তব জগতে প্রতিদিন আমরা যেসব পরিস্থিতির সম্মুখীন হই, তা পরিমাপ করা যায় না।

এটি অনেক কঠিন কাজ। আমরা সহজ গল্প পছন্দ করি, যা সহজ কিন্তু প্রায়শই শয়তান দ্বারা বিভ্রান্ত। বিনিয়োগকারী এবং ব্যবসায়িক নেতাদের আশেপাশে কয়েক বছর কাটানোর পর আমি বুঝতে পেরেছি যে—একজন ব্যক্তি অন্য কারো ব্যর্থতার জন্য সাধারণত খারাপ সিদ্ধান্তকে দায়ী করেন, যেখানে এমন ব্যক্তি তার নিজের ব্যর্থতাগুলোর জন্য সাধারণত ঝুঁকি এবং দুর্ভাগ্যকে দায়ী করেন। আপনার ব্যর্থতা বিচার করার সময় আমি সম্ভবত কারণ এবং ফলাফলের একটি পরিষ্কার ও সাধারণ ভিত্তিনির্বাচন করবো। আপনাকে এমন একজন ব্যক্তির আরেকটি গল্প বলি, যিনি বিল গেটসের মতোই অত্যন্ত সফল, কিন্তু তার সফলতা তার ভাগ্য কিংবা দক্ষতার কারণে হয়েছে বলে কোনো চিহ্ন পাওয়া অনেক কঠিন; আজো এমন কোনো প্রমাণ পাওয়া যায়নি। তার নাম কর্নেলিয়াস ভ্যান্ডারবিল্ট।

কর্নেলিয়াস ভ্যান্ডারবিল্ট তার রেলপথ নির্মাণ ব্যবসার সাম্রাজ্য প্রসারিত করার জন্য ব্যবসায়িক চুক্তির একটি সিরিজ শেষ করেন। একজন ব্যবসায়িক উপদেষ্টা ভ্যান্ডারবিল্টকে অবহিত করেন যে, প্রতিটি লেনদেনে তিনি আইন ভঙ্গ করতে রাজি হয়েছেন। মাই গড! ভ্যান্ডারবিল্ট বললেন, আপনি কি মনে করেন না যে, আপনি নিউইয়র্ক স্টেটের আইন অনুসারে রেলপথ চালাতে পারেন না ? এটি পড়ার সময় আমার প্রাথমিক চিন্তা ছিল: এমন মনোভাবের কারণেই তিনি এতো সফল ছিলেন। ভ্যান্ডারবিল্টের দিনে আইনে বৈধভাবে রেলপথের ব্যবসা ছিল না। ভ্যান্ডারবিল্ট অত্যন্ত সফল ব্যবসায়ী ছিলেন। তার ব্যবসায়িক সফলতার মাত্রা লোভনীয়। কোনো বুদ্ধিমান ব্যক্তিই উদ্যোক্তা হিসেবে স্পষ্ট অপরাধমূলক কোনো ব্যবসায়িক কাজের সুপারিশ করবেন না।

আপনি খুব সহজেই অনুমান করতে পারেন যে, ভ্যান্ডারকি সফলতার গল্পটি অনেকটাই ভিন্ন ছিল, যেখানে একজন অপরাধীর নবগঠিত কোম্পানি আদালতের আদেশে ভেঙে পড়েছে, সেখানে বেআইনি কাজ করা সত্ত্বেও ভ্যান্ডারবিল্টের কোম্পানি অত্যন্ত সফল ছিল।

আপনি ভ্যান্ডারবিল্টের প্রশংসা করতে পারেন, আইন উপেক্ষা করা সত্ত্বেও সফল হওয়ার জন্য ঠিক একইভাবে আপনি এধরনের সমালোচনা করতে পারেন। সম্ভবত একজন আইনের হাত এড়িয়ে সৌভাগ্যবান হয়েছেন, যেখানে অন্যজন নিজেকে ঝুঁকির মধ্যে খুঁজে পেয়েছেন। বিখ্যাত ব্যবসায়ী রকফেলারের গল্পও একই রকম ছিল। তার ঘন ঘন আইন লঙ্ঘন করার ঘটনায় একজন বিচারক একবার তার কোম্পানিকে 'একজন সাধারণ চোরের চেয়েও খারাপ বলে অভিহিত করেন প্রায়শই ইতিহাসবিদরা তাকে ধূর্ত ব্যবসায়িক স্মার্ট ব্যক্তিত্ব হিসেবে চিত্রিত করেছেন। হয়তো তিনি সত্যিকার অর্থে এমনটিই ছিলেন।।

আপনি-রকফেলার একজন মেধাবী ছিলেন, তার সাফল্য থেকে বিষয়টি শেখার চেষ্টা করুন। আবার, রকফেলার একজন অপরাধী ছিলেন, তার ব্যবসায়িক ব্যর্থতা থেকে বিষয়টি শেখার চেষ্টা করুন। বেঞ্জামিন গ্রাহাম সর্বকালের সর্বশ্রেষ্ঠ বিনিয়োগকারীদের মধ্যে একজন; যিনি মূল্যভিত্তিক বিনিয়োগের জনক এবং ওয়ারেন বাফেটের প্রাথমিক পরামর্শদাতা হিসেবে সুপরিচিত। কিন্তু বেঞ্জামিন গ্রাহামের বিনিয়োগ সফলতা লাভের পিছনে সিংহভাগ কারণ ছিল তার গেইকো স্টকের একটি বিশাল অংশের মালিকানা লাভের বিষয়। গ্রাহাম নিজেই বিষয়টি স্বীকার করেছেন।

এখানে একজন সাহসী এবং বেপরোয়া উদ্যোক্তার মধ্যকার পার্থক্য কী?

আমি জানি না, গ্রাহাম তার 'গেইকো কোম্পানি সম্পর্কে কী লিখেছেন:

'এটি তার জন্য সৌভাগ্যজনক কিংবা একটি অত্যন্ত বুদ্ধিদীপ্ত সির্দ্ধান্ত

কিনা—আমরা কি এমন দুই ক্যাটারির লোকদের আলাদা করে চিহ্নিত করতে পারি? বাস্তবে, কাজটি এতো সহজ নয়। আমরা একইভাবে মনে করি, মার্ক জাকারবার্গ কর্তৃক ইয়াহু কোম্পানি বড় অফার প্রত্যাখ্যান করার ঘটনাটি তার জন্য প্রতিভার বহিঃপ্রকাশ ছিল। ২০০৬ সালে তার কোম্পানি কেনার জন্য ইয়াহু ৬১ বিলিয়ন ডলার অফার করে। মার্ক জাকারবাগ ভবিষ্যতের কথা চিন্তা করে, এমন প্রস্তাব প্রত্যাখ্যান করেন। এবং তার এমন সিদ্ধান্তের মাধ্যমে লাভবান হন।

কিন্তু মানুষ Yahoo মাইক্রোসফ্ট-এর মতো বড় বড় কোম্পানি থেকে নিজের কোম্পানির মূল্যের তুলনায় বড় কোনো অফার পেলে,

উচিত হবে কোম্পানি গঠন না করে, নগদ ক্যাশ আউটসংক্রান্ত কোনো ব্যবসা করা!

এখানে উদ্যোক্তাদের জন্য শিক্ষণীয় বিষয় কী? আমার এ বিষয়ে কোনো ধারণা নেই, কারণ ঝুঁকি এবং ভাগ্যের বিষয়টি চিহ্নিত করা অনেক কঠিন কাজ। এমন বিষয়ের অনেক উদাহরণ তথা দৃষ্টান্ত রয়েছে। অগণিত ভাগ্য (কিংবা ঝুঁকি) ফলাফল লাভের জন্য ঋণী। ‘গ্রাহক সর্বদা সঠিক’ তবে গ্রাহকরা জানে না, তারা সত্যিকার অর্থে কী চান উভয় বিষয়ই ব্যবসায়িক জ্ঞানের গৃহীত নীতিমালার ও সূত্রের অংশ।

‘অনুপ্রেরণামূলকভাবে সাহসী’ এবং নির্বোধভাবে বেপরোয়া'-এর মধ্যে পার্থক্য রেখাটি এক মিলিমিটার সমপরিমাণ পুরু হতে পারে, কিংবা শুধুমাত্র সামান্য দৃশ্যমান হতে পারে। এটি সমাধান করার মতো কোনো সহজ সমস্যা নয়। ভাগ্য কী? দক্ষতা কী? এবং ঝুঁকি কী? তা শনাক্ত করার ক্ষেত্রে অসুবিধা হলো, এই বিষয়ে জানার চেষ্টা করার সীমিত পরিসর। অতএব, নির্দিষ্ট ব্যক্তি এবং কেস স্টাডিতে কম ফোকাস করুন এবং বিস্তৃত নিদর্শনগুলোতে আরো বেশি মনোযোগ দিন। একজন নির্দিষ্ট ব্যক্তিকে কেন্দ্র করে অর্থনৈতিক বিষয়ে গবেষণা

করা বিপজ্জনক হতে পারে, কারণ আমরা এমন উদাহরণগুলোতে বিলিয়নিয়ার, সিইও কিংবা কোনো কোম্পানির চরম ব্যর্থতার দৃশ্যপট দেখি, যেগুলো অন্যান্য পরিস্থিতিতে সবচেয়ে কম প্রযোজ্য হয়।।

ফলাফল যতো বেশি চরম হবে, ততোই এমন ফলালের শিক্ষামূলক পাঠগুলো আপনার নিজের জীবনে প্রয়োগ করার সম্ভাবনা এবং প্রযোজ্যতা কম হবে। কারণ, ফলাফলটি ভাগ্য বা ঝুঁকির চরম প্রান্ত দ্বারা যতো বেশি প্রভাবিত হবে, ততোই অপ্রযোজ্য হওয়ার সম্ভাবনা থাকবে। সফলতা এবং ব্যর্থতার বিস্তৃত নিদর্শন খোজার মাধ্যমে আপনি কার্যকর পদক্ষেপের নিকটবর্তী হবেন।।

প্যাটার্নটি যতো বেশি সাধারণ হবে, এটি আপনার জীবনে ততো বেশি প্রযোজ্য হবে। ওয়ারেন বাফেটের বিনিয়োগ সফলতার সমীকরণ অনুকরণ করার চেষ্টা করা অনেক কঠিন, কারণ তার ফলাফলগুলো এতোটাই চরম যে, তার জীবদ্দশায় পারফরম্যান্সে ভাগ্যের ভূমিকা খুব বেশি ছিল। ভাগ্য এমন কিছু নয়, যার উপর আপনি নির্ভরযোগ্যভাবে অনুকরণ করতে পারেন। কিন্তু অর্থনৈতিক পরিস্থিতি অনুধাবন করার মাধ্যমে, যেমনটি আমরা অধ্যায় ৭-এ দেখবো যে, মানুষেরা তাদের সময়ের উপর নিয়ন্ত্রণ রাখে, তারা জীবনে সফল হতে পারে।

আমার প্রিয় ইতিহাসবিদ, ফ্রেডরিক লুইস অ্যালেন, মধ্যমপন্থি আমেরিকানদের জীবন চিত্রিত করে তার কর্মজীবন কাটিয়েছেন—তারা কীভাবে জীবনযাপন করে, কীভাবে তারা পরিবর্তিত হয়, তারা কাজ পাওয়ার জন্য কী করে? তারা রাতের খাবারে কী খায়? ইত্যাদি বিষয়াবলি।

বিল গেটস একবার মন্তব্য করেন—সফলতা হলো একজন খারাপ শিক্ষক। এটি বুদ্ধিমান ব্যক্তিদের এমন চিন্তায় প্ররোচিত করে যে, তাদেরকে জীবন সংগ্রামে পরাজিত হওয়া যাবে না।'

যখন জিনিসগুলো খুব ভালোভাবে চলছে, তখন বুঝতে হবে যে, আপনি যতোটা ভাবছেন, ততোটা ভালো নয়। আপনি অজেয় নন এবং

যদি আপনি স্বীকার করেন যে, ভাগ্য আপনাকে সাফল্য এনে দিয়েছে, তাহলে আপনার নিজেকে সৌভাগ্যের চাচাত ভাই বিশ্বাস করতে হবে; যা আপনার জীবনের গল্পটিকে খুব দ্রুত ঘুরিয়ে দিবে।

কিন্তু অন্যদিকেও একই কথা সত্য—অর্থাৎ নেতিবাচক দিকেও একই কথা সত্য। ব্যর্থতা একজন খারাপ শিক্ষক হতে পারে, কারণ এটি বুদ্ধিমান লোকদের তাদের সিদ্ধান্তগুলোকে ভয়ানকভাবে প্ররোচিত করে, যখন কখনো কখনো এগুলো কেবল ঝুঁকির ক্ষমাহীন বাস্তবতাকে প্রতিফলিত করে। ব্যর্থতা মোকাবিলা করার ক্ষেত্রে কৌশলটি হলো, আপনার আর্থিক জীবনকে এমনভাবে সাজানো, যাতে আপনার মাধ্যমে কোনো ভুল খাতে বিনিয়োগ করা না হয়। | তবে, আরো গুরুত্বপূর্ণ বিষয়টি হলো এই যে, আমরা সফলতার ক্ষেত্রে ভাগ্যের ভূমিকাকে যতোটা চিনতে পারি, ঝুঁকির ভূমিকা ততোটা চিনতে পারি না। কোনো কিছুই ভালো কিংবা খারাপ হিসাবের মানদণ্ডে পরিমাপযোগ্য নয়। এখন দেখা যাক, দুই পুরুষের গল্প, যারা তাদের সৌভাগ্যকে ঠেলে দিয়েছেন।

অধ্যায় ॥ ৩

মানবজাতির প্রাপ্ত সম্পদ কখনো যথেষ্ট নয়

ভ্যান গার্ডের প্রতিষ্ঠাতা জে ওন বোগল, যিনি ২০১৯ সালে মারা যান। তিনি একবার অর্থ সম্পর্কে একটি গল্প শেয়ার করেন, যা এমন কিছু বিষয়কে হাইলাইট করে, যে বিষয়ে আমরা যথেষ্ট চিন্তা করি না: শেল্টার আইল্যান্ডে একজন বিলিয়নিয়ারের দেওয়া একটি পার্টিতে, ভ্যানগার্ড তার বন্ধু, জে ওসেফ হেলারকে জানান যে, তাদের হোস্ট, একজন হেজফান্ড ম্যানেজার। হেলার তার জনপ্রিয় উপন্যাস ক্যাচ—২২ থেকে তার পুরো লেখনীগুলোর মধ্যে একদিনে সবচেয়ে বেশি অর্থ উপার্জন করেন। | আমি তার শব্দের সরল বাগ্মিতা দেখে হতবাক হয়ে গিয়েছিলাম দুটি কারণে:

প্রথমত :

কারণ আমাকে আমার নিজের জীবনে সফল হওয়ার জন্য সৃষ্টিকর্তার পক্ষ থেকে অনেক কিছু দেওয়া হয়েছে এবং

দ্বিতীয়ত :

কারণ জে ওসেফ হেলার অনেক নিচ থেকে তার প্রতিভাগুণে আজকের জায়গায় উঠে এসেছেন। আমাদের সমাজের মধ্যে যারা আজকে অনেক ধনী এবং ক্ষমতাশালী, তাদের প্রয়োজনীয়তার নির্দিষ্ট কোনো সীমা-পরিসীমা নেই বলে মনে হয়।

আমি পর্যাপ্ত সম্পদ থাকা সত্ত্বেও সন্তুষ্ট না থাকার নেতিবাচক ফলাফলের দুটি উদাহরণ তুলে ধরছি এবং এমন ঘটনা থেকে আমাদের জন্য শিক্ষণীয় বিষয়ে আলোচনা করবো। রজত গুপ্তা কলকাতায়

জন্মগ্রহণ করেন এবং কিশোর বয়সে অনাথ হন। গুপ্তা বেসবল স্টেডিয়ামও কখনো দেখতে পাননি। শুরু থেকে তিনি যা অর্জন করেছেন, তা ছিল তার প্রেক্ষাপটে অসাধারণ। ৪০-এর দশকের মাঝামাঝি সময়ে গুপ্তা বিশ্বের সবচেয়ে স্বনামধন্য কনসালটেন্সি ফার্ম ম্যাককিন্সির একজন সিইও ছিলেন। জাতিসংঘ এবং ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামে কাজ করার জন্য তিনি ২০০৭ সালে অবসর গ্রহণ করেন। তিনি বিল গেটসের সাথে জনহিতকর কাজে অংশগ্রহণ করেন। তিনি পাঁচটি সরকারি কোম্পানির পরিচালনা পর্ষদে বসেন। কলকাতার বস্তি থেকে জীবন শুরু হলেও গুপ্তা আক্ষরিক অর্থেই জীবিত থাকা অবস্থায় বিশ্বের সবচেয়ে সফল ব্যবসায়ীদের মধ্যে একজন হয়ে উঠেন।

তার সফলতার পাশাপাশি প্রচুর সম্পদ অর্জিত হয়। ২০০৮ সাল নাগাদ গুপ্তার কোম্পানির মূল্য ৮ ১০০ মিলিয়ন ডলার ছিল। এতো টাকার উপর পাঁচ শতাংশ বার্ষিক রিটার্ন হিসাব করলে, তার প্রতি ঘণ্টায় প্রায় ৬০,০০০ ডলার পরিমাণ অর্থ উপার্জন আসতো। সে জীবনে যা ইচ্ছা তাই করতে পারতো। সে কখনো অ্যাকাউন্টে সমস্ত ডলার জমা রেখে, নিছক সেন্টা মিলিয়নিয়ার হওয়ার স্বপ্ন দেখেনি। রজত গুপ্তা কোটিপতি হতে চেয়েছিলেন। গুপ্তা গোল্ডম্যান শ্যাক্সের পরিচালনা পর্ষদে বসেন, যেই কোম্পানিকে ঘিরে ছিল বিশ্বের কিছু ধনী বিনিয়োগকারীরা। একজন বিনিয়োগকারী, একজন প্রাইভেট ইকুইটি টাইকুনের বেতনের লেভেল উদ্ধৃত করে, গুপ্তাকে এভাবে বর্ণনা করেছেন: আমি মনে করি, তিনি সেই বৃত্তে থাকতে চান যা বিলিয়নিয়ারদের বৃত্ত, তাই না? গোল্ডম্যান কোম্পানি শত কোটি বিনিয়োগকারীদের বৃত্ত , তাই না? ঠিক।।

এভাবেই গুপ্তা সফলতা লাভের রাস্তা খুঁজে পান। ২০০৮ সালে, গোল্ডম্যান শ্যাক্স কোম্পানির আর্থিক সঙ্কটের সময় ওয়ারেন বাফেট কোম্পানিটিকে টিকে রাখার জন্য ৮ ৫ বিলিয়ন ডলার বিনিয়োগ করার পরিকল্পনা করেন।

গোল্ডম্যান কোম্পানি বোর্ডের সদস্য হিসেবে নয়, বরং গুপ্তা এই লেনদেনের বিষয়ে জানতে পারেন জনসাধারণদের মুখ থেকে। এটি

তার জন্য মূল্যবান তথ্য ছিল। গোল্ডম্যান কোম্পানিরটিকে থাকা সন্দিহান ছিল এবং বাফেটের সমর্থন ঘোষণার ফলে কোম্পানির স্টকের মূল্য বৃদ্ধি পায়। চুক্তির কথা জানার ১৬ সেকেন্ড পর গুপ্তা গোল্ডম্যান কোম্পানির বোর্ড মিটিংয়ে ডায়াল করলে, তার ফোন কেটে দেওয়া হয়। তারপর, গুপ্তা রাজ রাজারত্নম নামে একজন কোম্পানি শেয়ার অংশীদারকে ফোন করেন। তিনি কলটি রিসিভ করেননি, তবে রাজারত্নম ইতোমধ্যই Goldman Sachs-কোম্পানির ১৭৫,০০০টি শেয়ার ক্রয় করে ফেলেন। বাফেট গোল্ডম্যান চুক্তিটি সম্পাদনের কয়েক ঘণ্টা পর জনসাধারণের সম্মুখে ঘোষণা করা হয়। ফলে গোল্ডম্যান। কোম্পানির স্টকের মূল্য বৃদ্ধি পায়। রাজারহুম খুবই অল্প সময়ের মধ্যেই $ ১ মিলিয়ন ডলার আয় করেন। এটি একটি কথিত প্রবণতার উদাহরণ মাত্র।

এস.ইসি, দাবি করে যে, গুপ্তার কোম্পানির অভ্যন্তরীণ বিষয়ে দেওয়া পরামর্শগুলো ১৭ মিলিয়ন ডলার লভ্যাংশ অর্জনে ইতিবাচক ভূমিকা পালন করেছে। একটি নির্দিষ্ট সময় শেষে কোম্পানিটি দেউলিয়া হয়, ফলে গ্রাহক/বিনিয়োগকারীরা কোম্পানির বিরুদ্ধে ফৌজদারি মামলা করেন।

প্রসিকিউটরদের জন্য অপরাধ প্রমাণিত করে অভিযোগ প্রতিষ্ঠায় এটি একটি সহজ মামলা ছিল। গুপ্তা এবং রাজারত্নম উভয়েই কোম্পানিতে বিনিয়োগের দায়ে কারাগারে অন্তরিণ হন। তাদের ক্যারিয়ার এবং খ্যাতি ধ্বংস হয়ে যায়।

এবার বিখ্যাত ব্যবসায়ী বার্নি ম্যাডফের একটি স্টোরি শেয়ার করা যাক। তার অপরাধ সবারই জানা। চার্লস পঞ্জির পর ম্যাডফ ছিলেন সবচেয়ে কুখ্যাত ‘পঞ্জি স্কিমার’-পঞ্জিস্কিম নামক কোম্পানির আর্থিক কেলেঙ্কারীর সাথে জড়িত। ম্যাডফ তার অপরাধ প্রকাশিত হওয়ার প্রায় দুই দশক আগে থেকেই বিনিয়োগকারীদের প্রতারিত করতেন— হাস্যকরভাবে গুপ্তার প্রতারণামূলক কার্যক্রম শুরু করার কয়েক সপ্তাহ পর থেকেই, ম্যাডফ ও বিনিয়োগকারীদের সাথে প্রতারণা করেন। তবে, যা লক্ষণীয় বিষয় তা হলো, গুপ্তার মতো ম্যাডফক্যরিয়ারের শুরুতে

প্রতারক ছিলেন না। পঞ্জি স্কিম কোম্পানি যা ম্যাডফকে বিখ্যাত করে তুলেছিল, তার আগে তিনি একজন সাধারণ বিনিয়োগকারী ছিলেন।

কোম্পানিটি তাদের যে সমস্ত প্রোডাক্ট ছিল না এবং যে সমস্ত প্রোডাক্টের প্রয়োজনীয়তা ছিল, না সেগুলো অর্জন করতে গিয়ে যে সমস্ত প্রোডাক্ট ছিল এবং যে সমস্ত প্রোডাক্টের চাহিদা ছিল, সেগুলোকে ঝুঁকিপূর্ণ করে তোলে। এটি কোম্পানির পক্ষ থেকে বোকামি ছিল। এটি একটি সিম্পল বোকামি। আপনি যদি অপনার জন্য গুরুত্বপূর্ণ নয়, এমন কিছু অর্জনের জন্য গুরুত্বপূর্ণ জিনিসগুলোর উপর ঝুঁকি বহন করেন, তাহলে আপনার এমন বোকামির কোনো মানে হয় না। আপনার যা আছে, সেগুলোকে আপনার যা নেই এবং যা প্রয়োজন নেই, তার জন্য ঝুঁকি নেওয়ার কোনো কারণ নেই। আপনি এমন অপ্রয়োজনীয় জিনিসগুলো উপেক্ষা করতে পারেন। গুপ্তা কিংবা ম্যাডফের মতো আমাদের মধ্যে খুব কমসংখ্যক পাঠকেরই ১০০ মিলিয়ন ডলার বিনিয়োগ করার সামর্থ্য রয়েছে। তবে, যারা এই বইটি পড়ছেন, তাদের একটি নির্দিষ্ট অংশ, তাদের জীবনের কোনো না কোনো সময়ে, তাদের প্রয়োজনীয় সমস্ত যুক্তিসংগত জিনিস এবং চাহিদা পূরণ করার জন্য যথেষ্ট পরিমাণ অর্থ উপার্জন করতে সক্ষম হবেন। আপনি যদি তাদের মধ্যকার একজন হন, তাহলে আপনাকে কয়েকটি জিনিস মনে রাখতে হবে।

১. সূক্ষ্মতর অর্থনৈতিক দক্ষতা হলো গোলপোস্টের নড়াচড়া বন্ধ করা।

যদি ফলাফল প্রাপ্তির সাথে সাথে আপনার প্রত্যাশাগুলোও বৃদ্ধি পায়, তাহলে আরো বেশি চেষ্টা করার কোনো যুক্তি নেই, কারণ অতিরিক্ত প্রচেষ্টা করার পরও আপনি একই ধরনের অনুভব করবেন। এমন অভ্যাস বিপজ্জনক হয়ে ওঠে, যখন আরো বেশি পাওয়ার স্বাদআরো অর্থ, আরো ক্ষমতা, আরো প্রতিপত্তি লাভের আকাঙ্ক্ষা—মনের মধ্যে আত্মসন্তুষ্টির চেয়ে উচ্চাকাঙ্ক্ষা তৈরি করে।

এক্ষেত্রে আপনি এক ধাপ অগ্রবর্তী হলে আপনার গোলপোস্ট দুই ধাপ সামনের দিকে এগিয়ে দেয়। ফলে আপনি মনে করেন, যেন

আপনি আরো পিছিয়ে পড়ছেন এবং এতে আপনি আরো বেশি পরিমাণে ঝুঁকি গ্রহণ করতে উদ্যত হবেন।

আধুনিক পুঁজিবাদ দুটি জিনিসের জনক: ১. সম্পদ সৃষ্টি করা এবং ২. হিংসা-বিদ্বেষ সৃষ্টি করা।

সম্ভবত, বড় হওয়ার আকাঙ্ক্ষা আপনার সমবয়সিদের মধ্যে আরো বেশি কঠোর পরিশ্রমকরার অনুপ্রেরণার জন্ম দেয়। কিন্তু পর্যাপ্ততা এবং আত্মসন্তুষ্টিবোধ ছাড়া জীবন উপভোগযোগ্য নয়। সুখ, যেমনটি বলা হয়েছে, কেবলমাত্র ফলাফল বিয়োগ প্রত্যাশা এবং আত্মসন্তুষ্টির বিষয়। ২. সামাজিক প্রেক্ষাপটে ধনী ব্যক্তির তুলনা এবং নির্ধারণ এখানে অনেক জটিল। একজন রকি নামক বেসবল খেলোয়াড়ের কথা বিবেচনা করুন, যিনি বছরে ৫০০,০০০ ডলার উপার্জন করেন। যেকোনো সংজ্ঞায় এবং মানদণ্ডে তিনি একজন ধনী ব্যক্তি। কিন্তু মনে করুন যে, তিনি মাইক ট্রাউটের মতো বড় কোনো দলে খেলেন, যারা ৪৩০ মিলিয়ন ডলার বিনিময় মূল্যে ১২ বছরের জন্য চুক্তি করেন। এমন দলের সাথে তুলনা করলে, রকি মানসিকভাবে ভেঙে পড়বেন। তারপর, আপনি মাইক ট্রাউট-এর কথা চিন্তা করুন। প্রতি বছর ছত্রিশ মিলিয়ন ডলার উপার্জন করা সত্যিকার অর্থেই বিপুল পরিমাণ অর্থ। কিন্তু ২০১৮ সালের ফোবর্স রিপোর্ট মোতাবেক বিশ্বের সেরা দশটি কোম্পানির ব্যবস্থাপকদের আয়ের তালিকায় জায়গা করে নিতে হলে, আপনাকে। এক বছরে কমপক্ষে ৩৪০ মিলিয়ন ডলার উপার্জন করতে হবে। ট্রাউটের মতো খেলোয়াড়েরা তাদের প্রতিযোগী অন্যান্য খেলোয়াড়দের আয়ের সাথে নিজেদের তুলনা করতে পারেন। কোম্পানির ব্যবস্থাপকেরা। যারা প্রতিবছর ৩৪০ মিলিয়ন ডলার উপার্জন করেন, তারা নিজেদেরকে শীর্ষ পাঁচটি কোম্পানির ব্যবস্থাপকের আয়ের সাথে তুলনা করতে পারেন। সেই শীর্ষ ব্যবস্থাপকরা আয়ের দিক থেকে ওয়ারেন। বাফেটের মতো লোকের দিকে তাকাতে পারেন, যার ব্যক্তিগত সম্পদের পরিমাণ ২০১৮ সালের রিপোর্ট মোতাবেক ৩.৫ বিলিয়ন ডলার বৃদ্ধি পেয়েছে। বাফেটের মতো ব্যবসায়ী জেফ বেজোসের দিকে তাকাতে পারেন, যার মোট সম্পদ ২০১৮ সালের রিপোর্ট মোতাবেক

২৪ বিলিয়ন ডলার বেড়েছে—এমন পরিমাণ অর্থ, যার গড় এক ঘণ্টার উপার্জন একজন বেসবল খেলোয়াড়ের পুরো এক বছরের পারিশ্রমিকের থেকেও বেশি। মোদ্দাকথা হলো, সামাজিক তুলনার প্রেক্ষাপট এবং সিলিং লেভেলের পার্থক্য এতো বেশি যে, কার্যত কেউই সঠিক তুলনা করে স্বস্তি পাবে না।

যার অর্থ এটি এমন একটি যুদ্ধ, যা কখনো জেতা যায় না, কিংবা এখানে জয়ের একমাত্র উপায় হলো, লড়াই না করা মেনে নেওয়া যে, আপনার যথেষ্ট পরিমাণে সম্পত্তি রয়েছে। এমনকি এমন সম্পদের পরিমাণ আপনার চারপাশের লোকদের থেকে কম হলেও। আমার এক বন্ধু লাস ভেগাসে বার্ষিক তীর্থযাত্রায় অংশগ্রহণ করেন। এক বছর তিনি একজন বিক্রেতাকে জিজ্ঞাসা করেন: আপনি কোনো গেমস খেলেন এবং আপনি কোনো ক্যাসিনোতে খেলেন? বিক্রেতা, নিস্তব্ধ-গম্ভীর হয়ে উত্তর দিলেন: লাস ভেগাস ক্যাসিনোতে জেতার একমাত্র উপায় হলো, আপনি প্রবেশ করার সাথে সাথে প্রস্থান করা। অন্য মানুষের সম্পদের সাথে তাল মিলিয়ে চলার চেষ্টা করার খেলাটিও ঠিক এভাবেই কাজ করে।

৩. যথেষ্ট পরিমাণ সম্পদ থাকার অর্থ খুব কম পরিমান সম্পদ থাকা নয়। যথেষ্ট পরিমান সম্পদ থাকার ধারণাটি রক্ষণশীলতার মতো হতে পারে; সুযোগ এবং সম্ভাবনার দিক থেকে। আমি এমন ধারণাকে সঠিক মনে করি না। যথেষ্ট অনুভব করার বিপরীত হচ্ছে—আরো কিছু পাওয়ার জন্য অতৃপ্ত, ক্ষুধা--যা আপনাকে অনুশোচনার দিকে ঠেলে দেবে।।

আপনি কী পরিমাণ খাবার খেতে পারেন, তা জানার একমাত্র উপায় হলো, আপনি অসুস্থ না হওয়া পর্যন্ত খাবার গ্রহণ করা। খুব কম লোকই এমনটি করেন, কারণ যেকোনো খাবার বেশি গ্রহণ করা হলে, আপনার বমি কিংবা পেটে ব্যথা হওয়ার সম্ভাবনা থাকবে। তবে, কিছু কারণে এমন যুক্তি ব্যবসায়িক এবং বিনিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে না, কারণ একটি ব্যবসার লেভেলে চাহিদা স্তর হ্রাস পায়, সেই লেভেল থেকেই কোম্পানিটি নতুন পণ্যেও যোগান বন্ধ করে দেয়।

অধ্যায় ॥ ৪

বিভ্রান্তিকর

একটি নির্দিষ্ট ক্ষেত্র থেকে লব্ধ শিক্ষণীয় বিষয়গুলো প্রায়শই আমাদেরকে সম্পর্কহীন ক্ষেত্র সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু শেখাতে সহযোগিতা করে। বরফ যুগের বিলিয়ন বছরের ইতিহাস বিবেচনা করুন; আপনার অর্থ প্রবৃদ্ধি অর্জনের ক্ষেত্রে এমন ইতিহাস আমাদের কী শিক্ষা দেয়? পৃথিবী সম্পর্কে আমাদের বৈজ্ঞানিক জ্ঞান তুলনামূলভাবে অনেক কম। পৃথিবী গ্রহ কীভাবে ঘূর্ণয়মান হয় তা বোঝার জন্য প্রায়শই-এর ভূপৃষ্ঠের নিচের গভীর স্তর এবং মহাকর্ষণ শক্তির বিষয়টি বিবেচনা করা হয়। আইজ্যাক নিউটন আমাদের গ্রহের কিছু মৌলিক বিষয়ে বোঝার কয়েকশ বছর আগে তারার গতিবিধি গণনা করেন।

১৯ শতকের আগ পর্যন্ত বিজ্ঞানীরা একমত হন যে, পৃথিবী গ্রহটি একাধিকবার বরফে আবৃত ছিল। এমন মতামতের স্বপক্ষে যুক্তি দেওয়ার জন্য তাদের কাছে অনেক তথ্যপ্রমাণ ছিল। হিমায়িত বিশ্বের পূর্বেকার ছাপ রয়েছে: এলোমেলো অবস্থানে বিস্তৃত বিশাল বিশাল পাথর; শিলাখন্ড বরফের পাতলা স্তরের নিচে বিস্তৃত। প্রমাণ থেকে স্পষ্ট হয় যে, আমরা পাঁচটি স্বতন্ত্র যুগ অতিক্রম করেছি।

গ্রহটিকে হিমায়িত করার জন্য, হিমায়িত বরফকে নতুন করে গলানোর জন্য এবং আবারও হিমায়িত করার জন্য যে পরিমাণ শক্তির প্রয়োজন, তা বিস্ময়কর। পৃথিবীতে (আক্ষরিক অর্থে) কী এই চক্রের কারণ হতে পারে? অর্থাৎ কোনো শক্তি পৃথিবী গ্রহকে এমন চক্রাকারে ঘুরাচ্ছে? এটিকে আমাদের গ্রহের সবচেয়ে শক্তিশালী শক্তি হতে হবে। এটি ছিল। তবে, এর শক্তির পরিমাণ কারও প্রত্যাশিত কিংবা অনুমেয়

নয়। বরফ যুগ কেন ঘটেছিল, তার সমর্থনে প্রচুর তত্ত্ব রয়েছে। বিশাল ভূতাত্ত্বিক প্রভাবের ফলে এমন তত্ত্বগুলো সমানভাবে দুর্দান্ত ছিল।

পর্বতশ্রেণির উত্থান, ধারণা করা হয়, জলবায়ু পরিবর্তন করার জন্য পৃথিবীর বাতাসকে যথেষ্ট স্থানান্তরিত করেছে। অন্যরা এই ধারণাটিকে সমর্থন করেছিল যে, বরফ হলো প্রাকৃতিক অবস্থা, বিশাল আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত দ্বারা বাধাপ্রাপ্ত যা আমাদের উষ্ণ করেছিল।

কিন্তু এই তত্ত্বগুলোর কোনোটিই বরফ যুগের চক্রাকার বৃত্তের কারণ ব্যাখ্যা করতে পারেনি। পর্বতশ্রেণির বৃদ্ধি কিংবা কিছু বিশাল আগ্নেয়গিরির ঘটনা একটি বরফ যুগের কারণ ব্যাখ্যা করতে পারে। তবে, বিশাল আগ্নেয়গিরির ঘটনাগুলো পাঁচটির চক্রাকার যুগের পুনরাবৃত্তির কারণ ব্যাখ্যা করতে পারেনি। ১৯০০-এর দশকের গোড়ার দিকে মিলুতিন মিলানকোভিচ নামক একজন সার্বিয়ান বিজ্ঞানী, অন্যান্য গ্রহের তুলনায় পৃথিবী গ্রহের অবস্থান নিয়ে গবেষণা করেন এবং বরফ যুগের বিষয়টিকে তাত্ত্বিকভাবে ব্যাখ্যা করেন, যা আমরা এখন সঠিক বলে বিশ্বাস করি : সূর্য ও চাঁদের মহাকর্ষীয় টান পৃথিবীর আহ্নিক গতিকে প্রভাবিত করে এবং পৃথিবী সূর্য গ্রহের দিকে ঝুঁকে পড়ে। এই চক্রের কিছু অংশে—যা কয়েক হাজার বছর ধরে চলমান থাকতে পারে পৃথিবীর প্রতিটি গোলার্ধে আগের তুলনায় একটু বেশি, বা একটু কম, সৌর বিকিরণ হয়। আর এখান থেকেই বিস্ময়কর জিনিসের শুরু। মিলানকোভিচের তত্ত্বে প্রাথমিকভাবে ধরে নেওয়া হয় যে, পৃথিবী গোলার্ধের একটি কাত গ্রহটিকে বরফে পরিণত করার জন্য যথেষ্ট ঠান্ডার সৃষ্টি করে। কিন্তু ব্লদিমির কোপেন নামে একজন রাশিয়ান আবহাওয়াবিদ মিলানকোভিচের এমন তত্ত্বকে আরো বিশদভাবে বর্ণনা করেন এবং একটি আকর্ষণীয় সূক্ষ্মাতর বিষয় আবিষ্কার করেন। এমন শীতলতা গ্রীষ্ম ঠান্ডা-কিংবা শীতকালের জন্য হয় না। এমন পরিবেশের সৃষ্টি হয় যখন একটি গ্রীষ্মকাল শীতের তুষার গলানোর জন্য যথেষ্ট উষ্ণ হয় না। অবশিষ্ট বরফের স্তরের ফলে পরবর্তী শীতকালে তুষার জমা

হওয়ার প্রক্রিয়াটি সহজ হয়ে যায়, ফলে পরবর্তী গ্রীষ্মকালে চারপাশে তুষার আটকে থাকার সম্ভাবনা বৃদ্ধি পায়, যা পরবর্তী শীতকালে আরো বেশি স্তূপীকৃত হয়।

চিরস্থায়ী তুষার সূর্যের রশ্মিকে আরো বেশি প্রতিফলিত করে, যা শীতলতাকে বাড়িয়ে দেয়, যা আরো তুষারপাত নিয়ে আসে এবং এমন প্রক্রিয়া যুগের পর যুগ ধরে চলতে থাকে। কয়েকশ বছরের মধ্যে তুষার-আবরণ একটি মহাদেশীয় বরফের চাদরে পরিণত হয়।

বরফ গলার ক্ষেত্রে, বিপরীতক্রমে একই ঘটনা ঘটে। একটি অরবিটাল টিল্ট শীতকালীন তুষার প্যাককে আরো বেশি সূর্যালোকে গলে দেয়, যা পরবর্তী বছরগুলোতে কম আলো প্রতিফলিত করে, যা তাপমাত্রা বৃদ্ধি করে, যা পরের বছর আরো তুষারপাত প্রতিরোধ করতে ভূমিকা পালন করে। এভাবেই চক্রটি চলতে থাকে। এখানে আশ্চর্যজনক বিষয় হলো, পরিস্থিতির তুলনামূলকভাবে ছোট পরিবর্তন থেকে কতোটা বড় পরিবর্তন হতে পারে।

অধ্যায় ॥ ৫

ধনী হওয়া বনাম ধনী থাকা

ধনী হওয়ার জন্য এক মিলিয়ন উপায় রয়েছে এবং কীভাবে তা অর্জন করা যায়, সে সম্পর্কে প্রচুর বই রয়েছে। কিন্তু ধনী থাকার একটিমাত্র উপায় রয়েছে: মিতব্যয়িতা। এটি এমন একটি বিষয়, যা আমরা যথেষ্ট আলোচনা করি না কিংবা বোঝার চেষ্টা করি না। চলুন দু'জন বিনিয়োগকারী সম্পর্কে একটি গল্প দিয়ে দ্রুত শুরু করা যাক, যাদের কেউই একজন অপরজনকে চিনতেন না। জে এস লিভারমোর ছিলেন, তার সময়কালের সেরা স্টক মার্কেট ব্যবসায়ী। তিনি ১৮৭৭ সালে জন্মগ্রহণ করেন। তিনি একজন পেশাদার ব্যবসায়ী হয়ে ওঠার আগে বেশিরভাগ মানুষেরা জানতো না যে, এমন কাজটি করা সম্ভব ছিল। ৩০ বছর বয়সে তিনি ৮ ১০০ মিলিয়ন ডলার বিনিয়োগ করার সামর্থ্য অর্জন করেন।

১৯২৯ সাল নাগাদ জে এস লিভারমোর ইতোমধ্যেই বিশ্বের সবচেয়ে সুপরিচিত বিনিয়োগকারীদের মধ্যে একজনে পরিণত হন। সেই বছর স্টক মার্কেটে বিপর্যয় সৃষ্টি হয়, যা মহামন্দার জন্ম দেয়। ১৯২৯ সালের অক্টোবর মাসের প্রথম সপ্তাহ থেকেই স্টক মার্কেটের মূল্যের এক-তৃতীয়াংশেরও বেশি হ্রাস পায়। | লিভারমোরের স্ত্রী আতঙ্কিত ছিলেন, যখন তার স্বামী ২৯ অক্টোবর বাড়ি ফিরেন। ওয়াল স্ট্রিটের স্টক মার্কেটে বিনিয়োগকারীদের আত্মহত্যার খবর নিউইয়র্ক শহর জুড়ে ছড়িয়ে পড়ে। লিভারমোরের স্ত্রী এবং সন্তানেরা তাকে দরজায় এসে অশ্রুসিক্ত হয়ে অভ্যর্থনা জানান,

অন্যদিকে তার মা এতোটাই বিরক্ত ছিলেন যে, তিনি চিল্কার করে অন্য ঘরে লুকিয়েছিলেন। চাচ্ছেন জীবনীকার টম রুবিথনের মতে, জে এস, লিভারমোর কি ঘটতে চলেছে, তা বোঝার আগে কয়েক মুহূর্তের জন্য বিভ্রান্ত হয়ে দাঁড়িয়েছিলেন। তারপর তিনি তার পরিবারের কাছে খবরটি জানান প্রতিভা এবং ভাগ্যের স্ট্রোকে তিনি হতাশ। আপনি বলতে চাচ্ছেন আমরা ধ্বংস হইনি? ডরোথি জিজ্ঞেস করলেন। না প্রিয়তম, আমি সবেমাত্র আমার সর্বকালের সেরা ব্যবসায়িক সংকটের দিনটি অতিক্রম করতে সক্ষম হয়েছি আমরা এখনো অত্যন্ত ধনী এবং আমরা যা খুশি তাই করতে পারি, জে এস বললেন।

ডরোথি তার মায়ের কাছে দৌড়ে গেলেন এবং তাকে সান্ত্বনা দিলেন। পরবর্তীতে একদিনেই লিভারমোর ৩ বিলিয়ন ডলারেরও বেশি অর্থ আয় করেন। স্টক মার্কেটের ইতিহাসে সবচেয়ে খারাপ মাসগুলোর মধ্যকার একটিতে তিনি বিশ্বের শীর্ষ ধনী ব্যক্তি হয়ে উঠেন। লিভারমোরের পরিবার যখন তাদের অদম্য সফলতা উদ্যাপন করছিল, তখন অনুরূপ অন্য একজন শেয়ার মার্কেট বিনিয়োগকারী হতাশার মধ্যে নিউইয়র্কের রাস্তায় ঘুরে বেড়াচ্ছেন।

আব্রাহাম জার্মানস্কি একজন মিলিয়নেয়ার রিয়েল এস্টেট ডেভেলপার ছিলেন, যিনি ১৯২০-এর দশকে তার ব্যবসায়িক সাম্রাজ্য তৈরি করেন। অর্থনৈতিক অবস্থার উন্নতির ফলে তিনি ১৯২০-এর দশকের শেষের দিকে কার্যত অন্যান্য প্রত্যেক সফল নিউইয়র্ক ব্যবসায়ীরা যা করেন, তাই করতেন: ক্রমবর্ধমান/হাসমান স্টক মার্কেটে খুব বেশি বাজি ধরতেন। | ২৬ অক্টোবর, ১৯২৯-এ, দ্য নিউইয়র্ক টাইমস পত্রিকায় একটি নিবন্ধ প্রকাশ করা হয়: মাউন্ট ভার্ননের মিসেস আব্রাহাম জার্মানস্কি তার স্বামী বার্নার্ড এইচ স্যান্ডলারকে খুঁজে পেতে সাহায্য চাইলেন, যিনি বৃহস্পতিবার সকালবেলা থেকে নিখোঁজ। জার্মানস্কি এজন ৫০ বছর বয়সি নারী এবং একজন রিয়েল এস্টেট বিজনেস অপারেটর। স্যান্ডলার একজন স্টক মার্কেট বিনিয়োগকারী। মিসেস জার্মানস্কি সাংবাদিকদের

জানান যে, তার একজন বন্ধু তার স্বামীকে স্টক এক্সচেঞ্জ ভবনের সামনে ওয়াল স্ট্রিট রোডে বৃহস্পতিবার গভীর রাতে দেখেছেন। তথ্য দাতার মতে, তার স্বামী সামনের দিকে হাঁটার সময় একটি কাগজ টুকরো টুকরো করে ছিড়ে ফেলছিলেন এবং ফুটপাতে ছড়িয়ে দিয়েছিলেন।

তারপর, আমরা যতোদূর জানি, আব্রাহাম জার্মানস্কিও ক্যারিয়ারের পতন ঘটে। এখানে ঘটনার একটি বৈসাদৃশ্যতা রয়েছে। ১৯২৯ সালের অক্টোবর মাসের শেয়ার মার্কেট দুর্ঘটনা জেএস লিভারমোরকে বিশ্বের অন্যতম ধনী ব্যক্তিতে পরিণত করে। ঠিক একই ঘটনা আব্রাহাম জার্মানস্কিকে ধ্বংস করে দেয়, সম্ভবত তার জীবন কেড়ে নেয়।

১১০০ পার্ক এভিনিউয়ের স্টক মার্কেট বিনিয়োগকারী জে এস এল লিভারমোর নিখোঁজ এবং গতকাল বিকাল ৩টার পর থেকে তাকে দেখা যায়নি, ১৯৩৩ সালে নিউইয়র্ক টাইমস পত্রিকায় এভাবেই লেখা প্রকাশ করা হয়। লিভারমোর শেষপর্যন্ত আত্মহত্যার পথ বেছে নেন। সময় এবং প্রেক্ষাপট ভিন্ন হলেও জার্মানস্কি এবং লিভারমোর-এর চরিত্রের একটি কমন বৈশিষ্ট্য ছিল: আর তা হলো, তারা দুজনই শেয়ার মার্কেটে বিনিয়োগ করার ক্ষেত্রে সূক্ষ্মভাবে চিন্তাভাবনা করতেন না।।

১. আমি বেশি পরিমাণ রিটার্ন অর্জন না করে বরং আর্থিকভাবে অটুট হতে চাই। যদি আমি অটুট থাকি, তাহলে মনে করি আমি সবচেয়ে বেশি পরিমাণ রিটার্ন পাবো, কারণ আমি তখন বিনিয়োগ করার জন্য যথেষ্ট মূলধন পাবো।

আমি এমন সম্পদের মালিক হতে চাই, যা অনেক বেশি বৃদ্ধি পায়। মনে করুন যে, আপনার নগদ আয় ১% এবং শেয়ার মার্কেট থেকে আপনি ১০% রিটার্ন অর্জন করতে পারেন। এই ৯% ব্যবধান আপনাকে প্রতিদিন প্রলুব্ধ করবে; শেয়ার মার্কেটে বিনিয়োগ করে লাভবান হওয়ার জন্য। কিন্তু যদি আপনি সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে না পারেন, তাহলে আপনার ১০% রির্টাণের তুলনায় ক্ষতির পরিমাণ অনেক বেশি হবে।।

২. পরিকল্পনা করা অতীব গুরুত্বপূর্ণ, তবে পরিকল্পনার সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ হলো, পরিকল্পনা অনুযায়ী বাস্তব পদক্ষেপ গ্রহণ করা। আপনি সঠিক পরিকল্পনা করলে, ঈশ্বর আপনার উপর খুশি হন। আর্থিক বিনিয়োগ পরিকল্পনা অতীব গুরুত্বপূর্ণ, এর মাধ্যমেই আপনি জানতে পারবেন যে, আপনার বর্তমান কর্মগুলো যুক্তিসংগত সীমার মধ্যে রয়েছে কিনা। কিন্তু বাস্তব জগতের সাথে মিল রেখে পরিকল্পনা করলে এগুলো টিকে থাকে। আপনি যদি আগামী ২০ বছরে আপনার সম্ভাব্য আয়, সঞ্চয়ের হার এবং বাজারের রিটার্ন সম্পর্কে সম্ভাব্য প্রজেক্ট তৈরি করতে চান, তাহলে গত ২০ বছরে ঘটে যাওয়া সমস্ত বড় বড় অর্থনৈতিক ঘটনাবলি সম্পর্কে চিন্তা করুন, যা অতীতে কেউ কল্পনাও করতে পারেনি: ১১ সেপ্টেম্বরের ঘটনার ফলে প্রায় ১০ মিলিয়ন আমেরিকান তাদের বাড়িঘর হারিয়েছে, একটি আর্থিক সংকট, যার ফলে প্রায় নয় মিলিয়ন আমেরিকান তাদের চাকরি হারিয়েছেন। একটি রেকর্ড-ব্রেকিং স্টক-মার্কেট পতন, যা করোনাভাইরাস মহামারিতে সংগঠিত হয়; যে সময়ে আমি বইটি লিখছি। একটি পরিকল্পনা তখনই কার্যকর হয়, যখন এটি বাস্তবে টিকে থাকতে পারে। একটি অজানা ভরা ভবিষ্যতের ক্ষেত্রে এখানে বাস্তবতাকে তুলে ধরা হয়। এটি একটি ভালো পরিকল্পনা হবে, যখন এটি বাস্তব সত্যের উপর প্রতিষ্ঠিত হয়। একটি পরিকল্পনা সত্য হওয়ার জন্য আপনার যত বেশি নির্দিষ্ট উপাদানের প্রয়োজন হবে, আপনার আর্থিক জীবন ততোই ভঙ্গুর হবে।।

যদি আপনার সঞ্চয়ের হারের মধ্যে ত্রুটির যথেষ্ট সুযোগ থাকে— যেমন আপনি বলতে পারেন, আগামী ৩০ বছরে যদি বাজার থেকে বাৎসরিক ৮% রিটার্ন তৈরি হয়, তাহলে রিটার্নের এমন পরিমাণ আমার জন্য অনেক ভালো হবে। কিন্তু যদি বাজার থেকে বাৎসরিক ৪% রিটার্ন তৈরি হয়, তাহলেও আমি ঠিক থাকব। কারণ, আমার তখনো যথেষ্ট লভ্যাংশ থাকবে—এমন পরিস্থিতির সুযোগ থাকলে আপনার পরিকল্পনা আরো মূল্যবান হয়ে উঠবে।

ত্রুটির সুযোগ রাখা—অর্থনীতিতে একে নিরাপত্তার মার্জিন বলা হয়অর্থের সবচেয়ে কম মূল্যায়ন করা কার্যকরী তত্ত্ব। এটি বিভিন্ন ধরনের সিদ্ধান্তের মাধ্যমে তৈরি হতে পারে: একটি মিতব্যয়ী বাজেট, নমনীয় চিন্তাভাবনা এবং একটি ঢিলেঢালা টাইমলাইন—যেকোনো ধরনের সিদ্ধান্তের মাধ্যমে তৈরি হতে পারে।

এটি রক্ষণশীল সিদ্ধান্ত গ্রহণ থেকে তুলনামূলকভাবে আলাদা। রক্ষণশীল সিদ্ধান্তে একটি নির্দিষ্ট স্তরের ঝুঁকি পরিহার করা হয়। নিরাপত্তার মার্জিন আপনার মূলধন টিকে রাখার সম্ভাবনাকে বাড়িয়ে ঝুঁকির একটি নির্দিষ্ট স্তরে সফলতার সম্ভাবনাকে বাড়িয়ে তোলে। এর জাদুকরি বিষয়টি হলো—আপনার নিরাপত্তার মার্জিন যতো বেশি হবে, অনুকূল ফলাফল পেতে আপনার প্রান্তটি ততো ছোট হবে।

৩, আপনি ভবিষ্যৎ সম্পর্কে আশাবাদী, কিন্তু কোনো বিষয় কিংবা সিদ্ধান্ত আপনাকে ভবিষ্যৎ সফলাতে লাভে প্রতিবন্ধকার সম্মুখীন করতে সে সম্পর্কে বিভ্রান্ত দূর করা—অতীব গুরুত্বপূর্ণ। আশাবাদকে সাধারণত একটি বিশ্বাস হিসেবে সংজ্ঞায়িত করা হয়, যখন কেউ বিশ্বাস করেন যে, জিনিসগুলো ভালো হবে। কিন্তু তা অসম্পূর্ণ। ইন্দ্রিয়গ্রাহ্য আশাবাদ একটি বিশ্বাস যে প্রতিকূলতাগুলো আপনার পক্ষে এবং সময়ের সাথে সাথে জিনিসগুলো একটি ভালো ফলাফলের সাথে ভারসাম্য বজায় রাখবে, যদিও এর মধ্যবর্তী সময়ে যা ঘটে, তা দুঃখে ভরা। প্রকৃতপক্ষে আপনি জানেন না যে, মধ্যবর্তী সময়ে এটি দুঃখে ভরা হবে।

আপনি আশাবাদী হতে পারেন যে, দীর্ঘমেয়াদি প্রবৃদ্ধির গতিপথ উপরে এবং ডানদিকে রয়েছে; তবে আপনি সমানুপাতিকভাবে নিশ্চিত হন যে, মধ্যবর্তী রাস্তাটি ল্যান্ডমাইন দিয়ে ভরা। এই দুটি জিনিস পারস্পরিক একচেটিয়া নয়।

ফ্লু মহামারিতে এক বছরে ৬,৭৫,০০০ জন আমেরিকান নাগরিক মারা যান। ৩০টি পৃথক প্রাকৃতিক দুর্যোগে কমপক্ষে ৪০,০০০ জন আমেরিকান মারা গেছেন। ৩৩টি মহা মন্দা ক্রমবর্ধমান হারে ৪৮ বছরব্যপী স্থায়ী হয়।

স্টক মার্কেট কমপক্ষে ১০২ বার দরপতনের সম্মুখীন হয়ে এর গড় মূল্য ১০% এর বেশি কমেছে। শেয়ারের এক-তৃতীয়াংশ মূল্যের দরপতন কমপক্ষে ১২ বার হয়েছে। বার্ষিক মুদ্রাস্ফীতি ২০ বছরে ৭% ছাড়িয়ে গেছে। গুগল সংস্থার মতে, অর্থনৈতিক হতাশাবাদ' শব্দটি সংবাদপত্রে কমপক্ষে ২৯,০০০ বার প্রকাশিত হয়েছে। এই ১৭০ বছরে আমাদের জীবনযাত্রার মান (খরচ) ২০ গুণ বেড়েছে।

এমন একটি মানসিকতা, যা একই সাথে প্যারানয়েড এবং আশাবাদী হতে পারে, তা বজায় রাখা অনেক কঠিন; কারণ যেকোনো জিনিসকে কালো কিংবা সাদা বলার জন্য সূক্ষ্ম জ্ঞান লাগে না। তবে দীর্ঘমেয়াদি আশাবাদকে কাজে লাগানোর জন্য, আপনাকে দীর্ঘকাল বেঁচে থাকার জন্য স্বল্পমেয়াদি প্যারানয়া দৃষ্টিভঙ্গি অতীব প্রয়োজন। লিভারমোর সফলতা লাভের এটি কঠিন উপায় খুঁজে বের করেন। তিনি খারাপ সময়ের সমাপ্তির সাথে ভালো সময় সংযুক্ত করেন। তিনি মনে করেন যে, ধনী হওয়ার তুলনায় ধনী থাকা অনিবার্য; এমনটি যিনি করতে পারেন, তিনিই অজেয়। প্রায় সবকিছু হারানোর পর তার উপলব্ধি: শেয়ার মার্কেট বিনিয়োগে লোভ-লালসা পরিহার করতে হবে, সূক্ষ্মভাবে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

অধ্যায় ॥ ৬

হে বৎস, আপনিই জিতবেন

'আমি ৩০ বছর ধরে এই জিনিসটি থেকে দূরে সরে যাচ্ছি। আমি মনে করি, সহজ গণিত ফর্মূলা কিছু প্রকল্পে কাজ করে এবং কিছু প্রকল্পে কাজ করে না। কোনো একটিকে কম গুরুত্ব দেওয়ার কোনো কারণ নেই। শুধু সামনের দিকে অগ্রসর হতে হবে।'

ব্র্যাড পিট

হেইঞ্জ বার্গগ্রুয়েন স্ক্রিন অ্যাক্টরস গিল্ড অ্যাওয়ার্ড পদক লাভ করেন। ১৯৩৬ সালে জার্মানির নাৎসি বাহিনী থেকে পালিয়ে যান।

তিনি আমেরিকায় স্থায়ী হন, যেখানে তিনি ইউ. সি. বার্কলিতে সাহিত্য অধ্যয়ন করেন। ১৯৯০-এর দশকে তিনি যেকোনো পরিমাপে, সর্বকালের সেরা সফল শিল্প ব্যবসায়ী ছিলেন।

২০০০ সালে বার্গগ্রুয়েন তার পিকাসোস, ব্র্যাকস, ক্লিস এবং ম্যাটিসের বিশাল সংগ্রহের কিছু অংশ জার্মান সরকারের কাছে ১০০ মিলিয়ন ইউরোরও বেশি দামে বিক্রি করেন। তিনি বিক্রয় করার সময় এমনভাবে দর কষাকষি করেন যে, জার্মানরা কার্যকরভাবে এটিকে একটি অনুদান হিসেবে বিবেচনা করেছিল।

তার এমন সংগ্রহের বাজারমূল্য ৮১ বিলিয়নেরও বেশি ছিল। তার মতো একজন ব্যক্তি যে এমন বিপুল পরিমাণ মাস্টারপিস সাহিত্য সংগ্রহ করতে পারেন, তা বিস্ময়কর ছিল। এগুলো ছিল বিষয়ভিত্তিক শিল্প। জীবনের প্রথমদিকে, শতাব্দীর সবচেয়ে চাওয়া-পাওয়া কাজগুলো কী হতে পারে? তা কীভাবে কেউ ভাবতে পারেন? আপনি তার এমন গুণকে

দক্ষতা’ বলতে পারেন, কিংবা ভাগ্য’ বলতে পারেন। বিনিয়োগ সংস্থা হরাইজন রিসার্চের ব্যাখ্যা মতে—তার শিল্পকর্মগুলো বিনিয়োগকারীদের জন্য খুবই মূল্যবান ছিল। বড় বড় বিনিয়োগকারী প্রতিষ্ঠানগুলো তার ফার্ম থেকে প্রচুর পরিমাণে শিল্পকর্ম ক্রয় করে।

‘তার সংগ্রহের একটি উপসেট দুর্দান্ত বিনিয়োগে পরিণত হয় এবং সেগুলোকে দীর্ঘ সময়ের জন্য ধরে রাখা হয়, যাতে পোর্টফোলিও রিটার্নের সাথে একত্রিত হতে পারে। পোর্টফোলিওর সেরা উপাদানগুলোর মধ্যে তার শিল্পকর্ম স্থান পায়।

মহৎ শিল্পের বিক্রেতারা সূচক তহবিলের মতো কাজ করেন। সম্ভবত বার্গগ্রুয়েনের মতো এমন কোনো শিল্পি নেই, যার জীবনে অর্জিত কাজের ৯৯% ই মহা মূল্যবান বলে প্রমাণিত হয়েছে। তবে, কারও বাকি ১% শিল্পকর্ম পিকাসোর মতো বিশেষভাবে গুরুত্বপূর্ণ নয়। বার্গগ্রুয়েন বেশিরভাগ সময় অবিশ্বাস্যভাবে সঠিক হতে পারেন, আবার ভুলও হতে পারেন। ব্যবসা এবং বিনিয়োগের অনেক কিছুই এভাবে কাজ করে। দীর্ঘ লেজ-ফলাফলের বণ্টনের সুদূরতম প্রান্ত অর্থের ক্ষেত্রে অসাধারণ প্রভাব ফেলে, যেখানে অল্পসংখ্যক ইভেন্টগুলো বেশিরভাগ ফলাফলের জন্য দায়ী হতে পারে। আপনি গণিত বুঝতে পারলেও এটি মোকাবিলা করা কঠিন হতে পারে। এটা স্বজ্ঞাত নয় যে, একজন বিনিয়োগকারী অর্ধেক সময় ভুল হতে পারেন; তারপরও তিনি সৌভাগ্য তৈরি করতে পারেন। এর মানে, আমরা অনেক কিছুর ব্যর্থতা সংগঠিত হওয়া কতোটা স্বাভাবিক তা অবমূল্যায়ন করি।

ডিজনির প্রথম স্টুডিও দেউলিয়া হয়ে গেছে। তার চলচ্চিত্রগুলো তৈরি করা অত্যন্ত ব্যয়বহুল হয়। ১৯৩০-এর দশকের মাঝামাঝি সময়ে ডিজনি ৪০০টিরও বেশি কার্টুন, তথা এনিমেশন মুভি তৈরি করেন। এগুলোর বেশিরভাগেরই সময় কম ছিল, এগুলোর বেশিরভাগই দর্শকদের প্রিয় ছিল।

তার বিখ্যাত মুভি স্নো হোয়াইট এবং সেভেন ডোয়ার্ফ সবকিছুর হিসাব নিকাশ বদলে দিয়েছে। ১৯৩৮ সালের প্রথম ছয় মাসে এটি

সুস্পষ্ট। যেমন ভেঞ্চার ক্যাপিটাল। এখানে মজার বিষয় হলো এই যে, আপনাকে একটি সফল কোম্পানি অর্জন করতে হলে এবং বিশ্বের শীর্ষ ৫০ জন সফল উদ্যোক্তার তালিকাভুক্ত হতে হলে, সফলতার একটি নির্দিষ্ট স্তর অর্জন করতে হবে। কোনো প্রতিষ্ঠিত কর্পোরেশন, ফ্লাইবাই-নাইট স্টার্ট আপ নয়। এমন কোম্পানিগুলোর একটির উদাহরণ: ক্যারোলকো কোম্পানি। এটি ১৯৮০ এবং ১৯৯০-এর দশকে কয়েকটি বৃহত্তম চলচ্চিত্র নির্মাণ করে, যার মধ্যে প্রথম লেভেলের তিনটি হলো— র্যাম্বো চলচ্চিত্র, টার্মিনেটর ২, বেসিক ইনস্টিন এবং টোটাল রিকল। ক্যারোলকো কোম্পানি ১৯৮৭ সালের পর থেকে অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠে। এটি ১৯৯১ সালে অর্ধ বিলিয়ন ডলার রাজস্ব আয় করে। তারপর, দীর্ঘ সময়ব্যাপী এটি ব্যর্থ হয়েছে। ব্লকবাস্টার সিনেমা তৈরি করতে ব্যর্থ হয়, কয়েকটি বড় বাজেটের প্রকল্প ফ্লপ হয় এবং ১৯৯০-এর দশকের মাঝামাঝি সময়ে ক্যারোলকো কোম্পানি ইতিহাসের মতো অতীত হয়ে যায়। এটি ১৯৯৬ সালে দেউলিয়া হয়ে যায়। স্টক শূন্যে চলে যায়। ক্যারোলকো কোম্পানির উত্থান-পতনের ইতিহাস গল্প বলার মতো নয়; কারণ কর্পোরেট জগতে এটি অনন্য তবে একটি সাধারণ ঘটনা।

এমাজন-এর প্রবৃদ্ধি লাভের প্রায় সম্পূর্ণ অংশ এসেছে এর প্রাইম এবং এমাজন ওয়েভ সার্ভিস সেক্টর থেকে, কোম্পানিটি টেল ইভেন্টে ফায়ার সার্ভিস কল থেকে শুরু করে ট্রাভেল এজেন্সি পর্যন্ত শত শত পণ্য নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করেছে। ২০১৮ সালে সূচকের প্রায় ৭% রিটার্ন অর্জনে ‘এ্যাপল ভূমিকা পালন করে। এটি আইফোন আবিষ্কার করে প্রযুক্তি বাজারে অপ্রতিরোধ্যভাবে একচেটিয়া মুনাফা অর্জন করে। আইফোন ছিল এপল কোম্পানির টেল প্রডাক্ট। এই কোম্পানিগুলোতে কারা কাজ করছে? ‘গুগল’-এ নিয়োগের হার মোট দরখাস্তের ০.২%। ফেসবুক’-এ নিয়োগের হার মোট দরখাস্তের ০.১%। এ্যাপেল’-এ নিয়োগের হার মোট দরখাস্তের ২%। তাই, দেখা

যায় যে, টেল প্রজেক্টগুলোতে কাজ করা লোকদের টেল রিটার্নের কারিগর রয়েছে।

যে কয়েকটি জিনিস বা পণ্য বেশিরভাগ ফলাফল বা লভ্যাংশ অর্জনে ভূমিকা পালন করে, এমন ধারণা বিনিয়োগ পোর্টফোলি কোম্পানিগুলোর ক্ষেত্রে সত্য নয়। এটি একজন বিনিয়োগকারী হিসেবে আপনার নিজের আচরণের একটি গুরুত্বপূর্ণ অংশ। সামরিক প্রতিভা সম্পর্কে নেপোলিয়নের সংজ্ঞা ছিল—সফল সামরিক নেতা তিনি, যিনি এমন সময়ে যুদ্ধের মাঠে স্থির থাকতে পারেন, যে সময়ে তার চারপাশের সবাই পাগল হয়ে যায়।।

এটি বিনিয়োগের ক্ষেত্রেও সত্য। বেশিরভাগ আর্থিক পরামর্শ বর্তমান আর্থিক লেনদেন সম্পর্কিত। এই মুহূর্তে আপনার কি করা উচিত এবং আজকে কোনো স্টকটি ক্রয় করা দরকার? ইত্যাদি বিষয়গুলো। কিন্তু আজকের বেশিরভাগ সময়ই তেমন গুরুত্বপূর্ণ নয়। একজন বিনিয়োগকারী হিসেবে আপনার জীবদ্দশায় আপনি আজ বা আগামীকাল বা পরের সপ্তাহে যে সিদ্ধান্তগুলো নেবেন, তা প্রায় ততোটা সিদ্ধান্তের মতো গুরুত্বপূর্ণ হবে না, যতোটা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত আপনি অল্পসংখ্যক দিনের মধ্যে গ্রহণ করেন—সম্ভবত সময়ের ১% বা তারও কম যেখান আপনার আশেপাশের সবাই অর্থ সংকটে পাগল হয়ে যাচ্ছে, সেখানে আপনি ১৯০০ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত প্রতি মাসে ৮১ ডলার সঞ্চয় করলে কী হবে তা বিবেচনা করুন।

আপনি প্রতি মাসে সেই ৮ ১ মার্কিন ডলার স্টক মার্কেটে বিনিয়োগ করতে পারেন। অর্থনীতিবিদরা চলমান শেয়ার মার্কেটকে মহামন্দা বলছেন কিনা, তা বিবেচনা করবেন না। আপনি শুধু বিনিয়োগ করতে থাকুন। | তবে মহা মন্দার সময় বিনিয়োগ করা খুব ভীতিজনক। তাই সম্ভবত আপনি যখন দেশের অর্থনীতিতে মহামন্দা থাকে না, তখন স্টক মার্কেটে আপনার ৮ ১ ডলার বিনিয়োগ করতে পারেন; যখন মহামন্দা থাকে, তখন সবকিছু বিক্রয় করতে পারেন। আপনার মাসিক নগদ

আয়কৃত ডলার সঞ্চয় করুন এবং মহামন্দা শেষ হলে, সব ডলার আবার স্টক মার্কেটে বিনিয়োগ করুন।

২০১৩ সালে বার্কশায়ার হ্যাথওয়ে শেয়ারহোল্ডার মিটিংয়ে ওয়ারেন বাফেট মন্তব্য করেন যে, তিনি তার জীবনে ৪০০ থেকে ৫০০টি শেয়ারের ক্রয় করেন এবং এগুলোর মধ্যে মাত্র ১০টিতে তিনি বেশিরভাগ রিটার্ন উপার্জন করতে সক্ষম হন।

যখন আমরা সফলতার একটি রোল মডেলের প্রতি বিশেষ মনোযোগ দিই, তখন আমরা এই বিষয়টি খেয়াল করি না যে, এখানে লভ্যাংশ কর্মের একটি ছোট শতাংশ থেকে এসেছে।

জর্জ সোরোস একদা মন্তব্য করেন যে, আপনি সঠিক কিংবা ভুল করছেন কিনা, তা গুরুত্বপূর্ণ নয়, বরং গুরুত্বপূর্ণ হলো আপনি যখন সঠিক সিদ্ধান্ত নেন, তখন আপনি কতো টাকা উপার্জন করতে পারেন। এবং আপনি যখন ভুল সিদ্ধান্ত নেন, তখন আপনি কতো টাকা হারান। আপনি অর্ধেক সময়ই ভুল সিদ্ধান্ত নেন, এটি মূলতো ভাগ্যের বিষয়। আমি যতোদূর জানি, আমাদের গ্যালাক্সিতে ১০০ বিলিয়ন গ্রহ রয়েছে এবং গ্রহগুলোর মধ্যে কেবলমাত্র একটি গ্রহে বুদ্ধিমান প্রাণী রয়েছে।

এর পর, আসুন আমরা পাঠ করি, কীভাবে অর্থ আমাদেরকে আরো সুখী করতে পারে?

অধ্যায় ॥ ৭

স্বাধীনতা

আমাদের সত্যিকার সম্পদের সর্বোচ্চস্বরূপ হচ্ছে, প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে বলার সক্ষমতা-“আজ আমি যা চাইবো, তাই করতে পারবো।' মানুষ সুখী হওয়ার জন্য ধনী হতে চায়। সুখ একটি জটিল বিষয় কারণ প্রত্যেক মানুষের জীবনবোধ আলাদা। কিন্তু যদি সুখের একটি সাধারণ সূচক থাকে—আনন্দের একটি সর্বজনীন জ্বালানি থাকে। তাহলে মানুষের সুখের সূচক হবে সেই মাত্রা, যেই মাত্রায় মানুষেরা তাদের জীবন নিয়ন্ত্রণ করতে চায়।

আপনি যা চান, যখন চান, যার সাথে চান, যতক্ষণ চান তা পূরণ করার সক্ষমতা অমূল্য সম্পদ। এটি আপনার জন্য সর্বোচ্চ মূল্যবান লভ্যাংশ। অ্যাঙ্গাস ক্যাম্পবেল মিশিগান বিশ্ববিদ্যালয়ের একজন মনোবিজ্ঞানী ছিলেন। তিনি ১৯১০ সালে জন্মগ্রহণ করেন। তিনি তার গবেষণা কাজ এমন সময়ে শুরু করেন, যখন মনোবিজ্ঞানের অধিকাংশ গবেষণা কার্যক্রম পরিচালিত হয়, মানুষের বিভিন্ন মানসিক ব্যাধি যেমন বিষন্নতা, উদ্বেগ, সিজোফ্রেনিয়ার মতো মানসিক রোগের উপর। ক্যাম্পবেল জানতে চেয়েছিলেন, কোনো বিষয় কিংবা অনুভবগুলো মানুষকে আনন্দিত করে? তার ১৯৮১ সালে প্রকাশিত বই, ‘দ্য সেন্স অফ ওয়েলবিং ইন’ আমেরিকার মধ্যে বর্ণনা করা হয়েছে যে, মানুষেরা সাধারণত অনেক মনোবিজ্ঞানীর ধারণার থেকেও বেশি সুখী হয়। সুখের সবচেয়ে কার্যকর সাধারণ বর্ণনাটি ছিল অত্যন্ত সহজ।

ক্যাম্পবেল এটিকে সংক্ষিপ্ত আকারে বর্ণনা করেছেন এইভাবে যে, একজন ব্যক্তির জীবনকে নিয়ন্ত্রণ করার দৃঢ় অনুভূতি যেকোনো পরিস্থিতিতে তার সুস্থতার ইতিবাচক অনুভূতির একটি নির্ভরযোগ্য ভবিষ্যদ্বাণী। এটি আপনার বেতনের থেকেও বেশি মূল্যবান। আপনার বাড়ির আকারের চেয়েও বেশি মূল্যবান। আপনার চাকরির প্রতিপত্তি থেকেও বেশি মূল্যবান। আপনি যা চান, তা অর্জন করার সক্ষমতা, আপনি যখন চান যাদের চান তাদেরকে তখন পাওয়ার সক্ষমতা আমাদের বিস্তৃত জীবনধারা পরিবর্তনশীল যা আমাদেরকে মানসিকভাবে খুশি করে। অর্থের সর্বশ্রেষ্ঠ অন্তর্নিহিত মূল্য—আপনার সময়কে নিয়ন্ত্রণ করার সক্ষমতা।

অল্প পরিমাণ সম্পদ থাকার অর্থ হলো, ব্যাংকে কিছু জমানো টাকা নয়, বরং আপনি অসুস্থ হলে কয়েক দিনের জন্য কাজ থেকে ছুটি নেওয়ার সক্ষমতা। আপনার যদি এমন সুযোগ না থাকে, তাহলে এমন সক্ষমতা অর্জন করা আপনার জন্য বিশাল ব্যাপার। একটু বেশি অর্থ উপার্জন করার অর্থ, আপনি ছাঁটাই হয়ে যাওয়ার পর একটি ভালো। চাকরির জন্য অপেক্ষা করা নয়, বরং আপনার তুলনামূলকভাবে প্রথম চাকরির তুলনায় অধিক বেতন সম্পন্ন চাকরি পাওয়া। | যে জীবন পরিবর্তন হতে পারে। ছয় মাসের জরুরি খরচ জমা থাকা মানে, আপনি আপনার বর্তমান চাকরি এবং আপনার বর্তমান বসকে নিয়ে আতঙ্কিত নন কারণ আপনি জানেন যে, আপনাকে যদি নতুন। চাকরি খোঁজার জন্য কিছু সময় ছুটি নিতে হয়, তাহলেও আপনি আর্থিকভাবে সংকটে পড়বেন না।

আরো ভালো চাকরি করার অর্থ হলো, কম বেতনে কিন্তু নমনীয় সময় রুটিনে চাকরি নেওয়ার সক্ষমতা। হতে পারে চাকরির স্থানে পিছানের আপনার যাতায়াত সুবিধা রয়েছে। অথবা আপনি কীভাবে টাকা-পয়সার ব্যবস্থা করবেন, তা নিয়ে চিন্তিত না হয়ে, মেডিকেলে আপনার পরিবারের কোনো সদস্যের জরুরি অবস্থা মোকাবিলা করতে

সক্ষম হওয়া। তারপর, আপনার কোম্পানি যখন চায়, তখন অবসর নেওয়ার পরিবর্তে আপনার যখন প্রয়োজন হয় তখন অবসর নেওয়া। সময় এবং বিকল্প চাহিদাগুলো ক্রয় করার ক্ষেত্রে আপনার অর্থের সঠিক ব্যবহারে কিছু সুবিধা রয়েছে; যা আপনার জন্য কিছু বিলাসবহুল পণ্য থেকেও অধিক মূল্যবান হতে পারে। আমার কলেজ লাইফ জুড়ে আমি ব্যাংকার হতে চেয়েছিলাম। এমন প্রত্যাশার শুধুমাত্র একটি কারণ ছিল : ব্যাংকাররা প্রচুর অর্থ উপার্জন করে। আমি ১০০% ইতিবাচক ছিলাম যে, একবার আমার জীবনের এমন লক্ষ্য হাসিল হলে আমি জীবনে সুখী হতে পারবো।

আমি আমার স্নাতক ফাইনাল ইয়ারেলস এঞ্জেলেসের একটি ব্যাংকে গ্রীষ্মকালীন ইন্টার্নশিপ করি এবং ভেবেছিলাম, আমি ক্যারিয়ারের লটারিতে জিতেছি। আমার প্রথম দিনেই আমি বুঝতে পেরেছিলাম, কেন ইনভেস্টমেন্ট ব্যাংকাররা প্রচুর অর্থ উপার্জন করেন তারা আমার ধারণার চেয়ে বেশি সময়ব্যাপী এবং নিয়ন্ত্রিত কর্ম-ঘণ্টায় কাজ করেন। আসলে, বেশিরভাগ লোকই রুটিনমাফিক তাদের জীবন পরিচালনা করতে পারেন না। মধ্যরাতের পর বাড়ি যাওয়া এক ধরনের বিলাসিতা হিসেবে বিবেচিত হতো। অফিসে একটি কথার প্রচলন ছিল: আপনি যদি শনিবার কাজে না আসেন, তাহলে রবিবার কাজে ফিরে আসতে বিরক্তিবোধ করবেন না। তাদের কাজ বৌদ্ধিকভাবে উদ্দীপক ছিল, তাদের ভালো বেতন দেওয়া হতো।

কিন্তু আমার সময়ের প্রতিটি সেকেন্ড বসের দাবির প্রতি দাস হয়ে উঠে, আমি দাসত্ব অনুভব করি, যা আমার জীবনের সবচেয়ে দুঃখজনক অভিজ্ঞতায় পরিণত হয়। এটি ছিল চার মাসের ইন্টার্নশিপ। কিন্তু আমার ইন্টার্নশিপ এক মাস স্থায়ী হয়। এখানে আমার জন্য সবচেয়ে কঠিন জিনিস হলো, আমি যে কাজগুলো পছন্দ করতাম এবং আমি যে কাজগুলোতে কঠোর পরিশ্রম করতে চেয়েছিলাম, আমার বস আমাকে সে কাজগুলো করতে দেয়নি। রকফেলার নামক একজন শোধনাগার

